শ্রীযুক্ত প্রসন্নকুমার শাস্ত্রি-প্রকাশিত-পুস্তকাবলী।

পুস্তকের নাম।

১। রহস্যত্রয় সম্বলিতা শ্রীশ্রীচণ্ডী।—(মার্কণ্ডেয় পুরাণীয়া) ২য় সংস্করণ। অন্বয়, শ্রীমদ্গোপাল চক্রবর্ত্তি কৃত তত্ত্বপ্রকাশিকানাম্নী বিস্তৃত টীকা, উক্ত শাস্ত্রি কৃত অনুবাদ ও শ্রীশশধর তর্কচূড়ামণি কৃত অনুবাদ-সহ দেবীসূক্ত ও অন্যান্য সমস্ত আবশ্যকীয় বিষয় সম্বলিতা। উৎকৃষ্ট সোণালি বাঁধাই। এই গ্রন্থ এবারে বড় আকারের ৪৩২ পৃঃ সম্পূর্ণ, অথচ মূল্য অতি সুলভ—৷৵০ আনা, ডাঃ মাঃ ৵০ আনা।

২। আর্য্যজীবন।—শ্রীপ্রসন্নকুমার শাস্ত্রি সঙ্কলিত। (ইহাতে ব্রাহ্ম মুহূর্ত্ত হইতে আরম্ভ করিয়া আর এক ব্রাহ্ম মুহূর্ত্ত পর্য্যন্ত, যাহা কিছু দৈনন্দিন কর্ত্তব্য ক্রিয়াপদ্ধতি, তৎসমস্তই সন্নিবিষ্ট হইয়াছে) ২০০ পৃঃ সম্পূর্ণ।

মূল্য ৷৷০, সোণালি বাঁধাই ৷৷৵০ আনা, ডাঃ মাঃ ⁄০ আনা।

৩। বৃহৎ শ্রীমদ্ভগবদ্গীতা।—(মূল, বিশদ অন্বয়, শাঙ্কর ভাষ্য, মধুসূদন সরস্বতী ও স্বামি কৃত টীকা ও শ্রীশশধর তর্ক চূড়ামণি কৃত বিশদ অনুবাদ ও টিপ্পনী সহিতা) এই গ্রন্থ প্রায় ৮০০ শত পৃষ্ঠায় সম্পূর্ণ।

উৎকৃষ্ট সোণালি বাঁধাই মূল্য ৩.০ আনা। ডাঃ মাঃ ।৵০ আনা।

৪। দুর্গোৎসবপঞ্চক বা ভক্তি সুধালহরী।—শ্রীশশধর তর্কচূড়ামণি প্রণীত। ইহাতে পাঁচটী ভক্তের পাঁচটী দুর্গোৎসবের আখ্যায়িকা বর্ণিত আছে।

মূল্য ।০ আনা, ডাক মাশুলাদি ⁄০ আনা।

৫। ভবৌষধ।—শ্রীশশধর তর্কচূড়ামণি কৃত।

মূল্য ১৲ মাশুল ৴০ এক আনা।

৬। মণিরত্নমালা ও পরমার্থসার।—(একত্রে দুই খানি প্রকাশিত) পুস্তক ক্ষুদ্র সত্য, কিন্তু অনেক মণিরত্ন ইহাতে নিহিত আছে। শঙ্করাচার্য্যের লেখা যাঁহাদের পরিচিত, তাঁহাদের নিকট ইহার পরিচয় দিতে হইবে না। মূল্য ৵০ আনা। ডাঃ মাঃ ৲১০ পয়সা।

৭। শ্রীশ্রীদেবীগীতা।—(মহর্ষি বেদব্যাস প্রণীত মূল, শৈব শ্রীনীলকণ্ঠ ভট্ট বিরচিত টীকা ও উক্ত শাস্ত্রি কৃত বিশুদ্ধ বঙ্গানুবাদ ও টিপ্পনী সহ) ইহাতে কি কি বিষয় আছে, তাহা এইরূপ ক্ষুদ্র বিজ্ঞাপনে বলা অসম্ভব। এই গ্রন্থ প্রায় ১৮০ পৃঃ সম্পূর্ণ। মূল্য ।৵০, উৎকৃষ্ট সোণালি বাঁধাই ॥০, ডাঃ মাঃ ৴০।

৮।মহর্ষি বেদব্যাস প্রণীতা [বৃহৎ] শিবগীতা—(বালানন্দিনী বৃহৎ টীকা ও উক্তশাস্ত্রি কৃত বিশুদ্ধ অনুবাদ সহ) এই গ্রন্থের বক্তা স্বয়ং মহেশ্বর এবং শ্রোতা শ্রীরাম চন্দ্র; এখন বুঝুন ইহাতে কীদৃশ গুরুতর বিষয় থাকার সম্ভব। বিজ্ঞাপনে তৎসমস্ত প্রকটিত করা অসম্ভব। মূল্য ॥০ আনা, সোণালি উৎকৃষ্ট বাঁধাই ॥৵০ আনা। ডাঃ মাঃ ৴০ আনা। ভি, পি ডাকে লইলে সর্ব্বত্র স্বতন্ত্র খরচ ৵০ আনা লাগে।

এই সমস্ত পুস্তক শ্রীযুক্ত প্রসন্নকুমার শাস্ত্রি মহাশয়ের নিকট ১৫৬ নং মানিকতলা ষ্ট্রীট, শাস্ত্রপ্রচারকার্য্যালয়, কলিকাতা এই ঠিকানায় এবং কলিকাতার বড় বড় পুস্তকালয়ে পাওয়া যায়।

মুক্তিকোপনিষৎ।

প্রথমোঽধ্যায়ঃ।

ওঁ ॥ অযোধ্যানগরে রম্যে রত্নমণ্ডপমধ্যমে ।
সীতাভরতসৌমিত্রিশত্রুঘ্নাদ্যৈঃ সমন্বিতম্ ॥ ১ ॥
সনকাদ্যৈর্মুনিগণৈর্ব্বশিষ্ঠাদ্যৈঃ শুকাদিভিঃ ।
অন্যৈর্ভাগবতৈশ্চাপি স্তূয়মানমহর্নিশম্ ॥ ২ ॥
ধীবিক্রিয়াসহস্রাণাং সাক্ষিণং নির্ব্বিকারিণম্ ।
স্বরূপধ্যাননিরতং সমাধিবিরমে হরিম্ ॥ ৩ ॥
ভক্ত্যা শুশ্রূষয়া রামং স্তুবন্ পপ্রচ্ছ মারুতিঃ ।
রাম ! ত্বং পরমাত্মাসি সচ্চিদানন্দবিগ্রহঃ ॥ ৪ ॥

একদা রঘুকুলাধিপতি শ্রীরামচন্দ্র অযোধ্যা নগরে রম্য রত্নমণ্ডপমধ্যে সীতা, ভরত, লক্ষণ ও শত্রুঘ্ন এবং অন্যান্য অমাত্যবর্গে পরিবৃত হইয়া রত্নসিংহাসনোপরি উপবিষ্ট আছেন। সনকাদি, বশিষ্ঠাদি, শুক প্রভৃতি ও অন্যান্য ভগবদ্ভক্ত মহর্ষিগণ সর্ব্বদা ইহাঁর স্তব করিতেছেন। ইনি সমস্ত বুদ্ধিবৃত্তির সাক্ষিস্বরূপ, নির্ব্বিকার এবং আত্মধ্যানে নিরত। পবনতনয় হনূমান্ এতাদৃশ শ্রীরামচন্দ্রকে ভক্তি সহকারে শুশ্রূষা ও স্তব করিয়া সমাধি অবসানে জিজ্ঞাসা করিলেন।—

ইদানীং ত্বাং রঘুশ্রেষ্ঠ ! প্রণমামি মুহুর্মুহুঃ ।
তদ্রূপং জ্ঞাতুমিচ্ছামি তত্ত্বতো রাম ! মুক্তয়ে ॥ ৫ ॥
অনায়াসেন যেনাহং মুচ্যেয়ং ভববন্ধনাৎ ।
কৃপয়া বদ মে রাম ! যেন মুক্তো ভবাম্যহম্ ॥ ৬ ॥
সাধু পৃষ্টং মহাবাহো ! বদামি শৃণু তত্ত্বতঃ ।
বেদান্তে সুপ্রতিষ্ঠোঽহং বেদান্তং সমুপাশ্রয় ॥ ৭ ॥
বেদান্তাঃ কে রঘুশ্রেষ্ঠ ! বর্ত্তন্তে কুত্র তে বদ ।
হনূমন্ ! শৃণু বক্ষ্যামি বেদান্তস্থিতিমঞ্জসা ॥ ৮ ॥

হে রাম ! তুমি সচ্চিদানন্দরূপ পরমাত্মস্বরূপ। হে রঘুবর ! আমি এইক্ষণ তোমাকে বার বার প্রণাম করিতেছি। হে রাম ! আমি মুক্তিলাভের নিমিত্ত তোমার যথার্থস্বরূপ জানিতে ইচ্ছা করি ॥ ১—৫ ॥ তোমার যেরূপ জানিতে পারিলে অনায়াসে ভববন্ধন হইতে মুক্ত হওয়া যায়, সেই স্বরূপটী কৃপাপূর্ব্বক আমার নিকট বল। তবেই আমি মুক্ত হইতে পারিব ॥ ৬ ॥

হে মহাবাহো ! তুমি সাধুবিষয়ক প্রশ্ন করিয়াছ। আমি তোমার নিকট উহা যথার্থরূপে বলিতেছি। আমার যাহা স্বরূপ, তাহা বেদান্তেই প্রতিপাদিত হইয়াছে, অতএব তুমি সেই বেদান্তের (উপনিষদের) আশ্রয় গ্রহণ কর ॥ ৭ ॥ হনূমান্ জিজ্ঞাসা করিলেন, হে রঘুশ্রেষ্ঠ ! বেদান্ত কাহাকে বলে, উহা কোথায় বর্ত্তমান আছে, তাহা বল। তখন রাম বলিলেন, হে হনূমন্ ! আমি বেদান্তশাস্ত্রের স্থিতি যথার্থ রূপে বলিতেছি, শ্রবণ কর ॥ ৮ ॥ মনুষ্যের নিশ্বাস ক্রিয়া যেমন অনায়াসে সম্পন্ন

নিশ্বাসভূতা মে বিষ্ণোর্ব্বেদা জাতাঃ সুবিস্তরাঃ।
তিলেষু তৈলবদ্বেদে বেদান্তঃ সুপ্রতিষ্ঠিতঃ ॥ ৯ ॥
রাম! বেদাঃ কতিবিধাস্তেষাং শাখাশ্চ রাঘব।।
তাসূপনিষদঃ কাঃ স্যুঃ কৃপয়া বদ তত্ত্বতঃ ॥ ১০ ॥

শ্রীরাম উবাচ।

ঋগ্বেদাদিবিভাগেন বেদাশ্চত্বার ঈরিতাঃ।
তেষাং শাখাহ্যনেকাঃ স্যুস্তাসূপনিষদস্তথা ॥ ১১ ॥
ঋগ্বেদস্য তু শাখাঃ স্যুরেকবিংশতিসংখ্যকাঃ।
নবাধিকশতং শাখা যজুষো মরুতাত্মজ! ॥ ১২ ॥
সহস্রসংখ্যয়া জাতাঃ শাখাঃ সাম্নঃ পরন্তপ!।
অথর্ব্বণস্য শাখাঃ স্যুঃ পঞ্চাশদ্ভেদতো হরে! ॥ ১৩ ॥

হইয়া থাকে, তেমন বিষ্ণু-আমা হইতে সুবিস্তৃত বেদ প্রকাশিত হইয়াছে। তিলের অভ্যন্তরে যেমন তৈল বিদ্যমান থাকে, তেমন এই বেদের অন্তর্গতভাবেই বেদান্ত সুপ্রতিষ্ঠিত আছে ॥৯॥ হনুমান্ জিজ্ঞাসা করিলেন, হে রাম! বেদ কয় প্রকারে বিভক্ত, তাহার শাখাই বা কতিসংখ্যক, তাহার মধ্যে কোন গুলিই বা উপনিষদ্, তাহা কৃপাপূর্ব্বক যথার্থরূপে বল ॥ ১০ ॥

শ্রীরাম বলিলেন, ঋগ্বেদাদি ক্রমে বেদ চারি প্রকার। যথা—ঋগ্বেদ, যজুর্ব্বেদ, সামবেদ এবং অথর্ব্ববেদ। এই বেদ-চতুষ্টয়ের শাখা অনেক এবং এই শাখার অন্তর্গতরূপে উপনিষদ্ বা বেদান্ত অবস্থিত। ১১ ॥ হে মারুতে! ঋগ্বেদের একবিংশতি-সংখ্যক শাখা, যজুর্ব্বেদের একশত নবসংখ্যক (১০৯) শাখা,

একৈকস্যাস্তু শাখায়া একৈকোপনিষন্মতা।
তাসামেকমৃচং যেন পঠ্যতে ভক্তিতো ময়ি।
স মৎসাযুজ্যপদবীং প্রাপ্নোতি মুনিদুর্ল্লভাম্॥ ১৪॥
মারুতিরুবাচ।
রাম! কেচিন্মুনিশ্রেষ্ঠা মুক্তিরেকেতি চক্ষিরে।
কেচিৎ ত্বন্নামভজনাৎ কাশ্যাং তারোপদেশতঃ॥ ১৫॥
কেচিত্তু সাংখ্যযোগেন ভক্তিযোগেন চাপরে।
অন্যে বেদান্তবাক্যার্থবিচারাৎ পরমর্ষয়ঃ।
সালোক্যাদিবিভাগেন চতুর্দ্ধা মুক্তিরীরিতা॥ ১৬॥

সামবেদের এক সহস্র শাখা এবং অথর্ব্ববেদের পঞ্চাশৎ (৫০) সংখ্যক শাখা জানিবে॥ ১২—১৩॥ হে হরে! এই প্রত্যেক শাখাতে এক এক খানি উপনিষদ্ বিদ্যমান আছে। যে ব্যক্তি সেই উপনিষদ্সমূহের একটী মন্ত্রও ভক্তিপূর্ব্বক পাঠ করে, সে ব্যক্তি মুনিগণের দুষ্প্রাপ্য আমার সাযুজ্য পদ প্রাপ্ত হইয়া থাকে॥ ১৪॥

হনূমান্ বলিলেন,—হে রাম! কতিপয় মুনিপুঙ্গবগণ মুক্তি এক প্রকার বলিয়া ব্যাখ্যা করেন, কোন কোন মুনিগণ তোমার নাম ভজনা দ্বারা মুক্তি হয় বলিয়া থাকেন। আবার কেহ কেহ বলেন, কাশীধামে মরণকালে প্রণবের উপদেশ পাইলেই মুক্তি-লাভ হইয়া থাকে। কেহ বলেন, সাংখ্যযোগের অনুশীলন দ্বারা, কেহ বলেন, ভক্তিযোগ দ্বারা এবং অন্য পরমর্ষিগণ বলেন, বেদান্তবাক্যের বিচার দ্বারা মুক্তি হইয়া থাকে, এবং কেহ

সহোবাচ শ্রীরামঃ।

কৈবল্যমুক্তিরেকৈব পারমার্থিকরূপিণী।
দুরাচাররতোবাপি মন্নামভজনাৎ কপে। ॥ ১৭ ॥
সালোক্যমুক্তিমাপ্নোতি ন তু লোকান্তরাদিকম্।
কাশ্যান্তু ব্রহ্মনালেঽস্মিন্ মৃতো মত্তারমাপ্নুয়াৎ ॥ ১৮ ॥
পুনরাবৃত্তিরহিতাং মুক্তিং প্রাপ্নোতি মানবঃ।
যত্র কুত্রাপি বা কাশ্যাং মরণে স মহেশ্বরঃ।
জন্তোর্দক্ষিণকর্ণে তু মত্তারং সমুপাদিশৎ ॥ ১৯ ॥
নির্দ্ধূতাশেষপাপৌঘো মৎসারূপ্যং ভজত্যয়ম্।
সৈব সালোক্যসারূপ্যমুক্তিরিত্যভিধীয়তে ॥ ২০ ॥

বলেন সালোক্য, সারূপ্য, সামীপ্য এবং সাযুজ্যভেদে মুক্তি চারি প্রকার ॥ ১৫—১৬ ॥

শ্রীরাম বলিলেন,—তুমি যত প্রকার মুক্তির কথা বলিলে, তদ্ভিন্ন আরও এক প্রকার মুক্তি আছে, তাহাকে কৈবল্য-মুক্তি বলে। ইহাই প্রকৃতমুক্তি। হে কপিবর! দুরাচার-পরায়ন হইয়াও যদি আমার নাম ভজনা করে, তবে সালোক্য-মুক্তি (ঈশ্বরের সমান লোকে বসতি করা) প্রাপ্ত হয়। তাহার অন্য লোকে গতি হয় না। যে ব্যক্তির কাশীক্ষেত্রে ব্রহ্মনালে মৃত্যু হয়, সে মানব আমার তারোপদেশ (প্রণবোপদেশ) লাভ করিয়া পুনরাবৃত্তি রহিতা মুক্তি প্রাপ্ত হয়। ব্রহ্মনাল ব্যতীত কাশীর যে কোন স্থানে মৃত্যু হইলে মহেশ্বর প্রাণীর দক্ষিণ কর্ণে আমার তারকব্রহ্মনাম উপদেশ দেন, তদ্দারাই

সদাচাররতো ভূত্বা দ্বিজো নিত্যমনন্যধীঃ।
ময়ি সর্ব্বাত্মকে ভাবো মৎসামীপ্যং ভজত্যয়ম্।
সৈব সালোক্যসারূপ্যসামীপ্যা মুক্তিরীর্য্যতে ॥ ২১ ॥
গুরূপদিষ্টমার্গেণ ধ্যায়ন্ মদ্রূপমব্যয়ম্।
মৎসাযুজ্যং দ্বিজঃ সম্যগ্‌ভজেদ্ভ্রমরকীটবৎ।
সৈব সাযুজ্যমুক্তিঃ স্যাদ্ব্রহ্মানন্দকরী শিবা ॥ ২২ ॥
চতুর্ব্বিধা তু যা মুক্তির্মদুপাসনয়া ভবেৎ।
ইয়ং কৈবল্যমুক্তিস্তু কেনোপায়েন সিধ্যতি ॥ ২৩ ॥

মানব অশেষ পাপরাশি হইতে নিষ্কৃতিলাভ করিয়া আমার সারূপ্যমুক্তি (ঈশ্বরের সমানরূপ হওয়া) প্রাপ্ত হয়। এই প্রকারে সালোক্য ও সারূপ্য মুক্তি কথিত হইয়াছে॥ ১৭—২০ ॥

যে দ্বিজাতি সদাচারপরায়ন হইয়া একাগ্রচিত্তে সর্ব্বস্বরূপ আমাতে অভিনিবিষ্ট হইতে পারে, সেই ব্যক্তি আমার সামীপ্য-মুক্তি (ঈশ্বরের সমীপে বাস করা) লাভ করিয়া থাকে। এই সালোক্য, সারূপ্য এবং সামীপ্য মুক্তির বিষয় বলা হইল ॥ ২১ ॥ যে দ্বিজগণ গুরূপদিষ্ট পদবীর অনুসরণ করিয়া আমার অবিনাশী স্বরূপ ধ্যান করে, সে ব্যক্তি ভ্রমর কীটের ন্যায় আমার সাযুজ্য (ঈশ্বরের সহিত যুক্ত হওয়া) মুক্তি প্রাপ্ত হয়। এই সাযুজ্যমুক্তিই জীবগণের পরম কল্যাণদায়িনী এবং ব্রহ্মানন্দোদ্বোধিনী ॥ ২২ ॥ এই যে সালোক্যাদি চারি প্রকার মুক্তির বিষয় বলা হইল, ইহা আমার (ঈশ্বরের) উপাসনা দ্বারা সম্পন্ন হইতে পারে, কিন্তু কৈবল্য নাম্নী মুক্তি কি

মাণ্ডুক্যমেকমেবালং মুমুক্ষূণাং বিমুক্তয়ে।
তথাপ্যসিদ্ধং চেজ্জ্ঞানং দশোপনিষদং পঠ ॥ ২৪ ॥
জ্ঞানং লব্ধ্বা চিরাদেব মামকং ধাম যাস্যসি।
তথাপি দৃঢ়তা নোচেদ্বিজ্ঞানস্যাঞ্জনাসুত!।
দ্বাত্রিংশাখ্যোপনিষদং সমভ্যস্য নিবর্ত্তয় ॥ ২৫ ॥
বিদেহমুক্তাবিচ্ছা চেদষ্টোত্তরশতং পঠ ॥
তাসাং ক্রমং সশান্তিঞ্চ শৃণু বক্ষ্যামি তত্ত্বতঃ ॥ ২৬ ॥
ঈশ কেন কঠ প্রশ্ন মুণ্ড মাণ্ডুক্য তিত্তিরিঃ।
ঐতরেয়ঞ্চ ছান্দোগ্যং বৃহদারণ্যকং তথা ॥ ২৭ ॥

উপায়ে সিদ্ধ হয়, তাহা বলা যাইতেছে ॥ ২৩ ॥ মুমুক্ষুগণের কৈবল্যমুক্তিপ্রদানে একমাত্র মাণ্ডুক্য উপনিষদই সমর্থ, কিন্তু কেবলমাত্র মাণ্ডুক্য উপনিষদ্ পাঠ করিয়াও যদি জ্ঞানের বিকাশ না হয়, তবে দশ খানি উপনিষদ্ পাঠ করিবে ॥ ২৪ ॥ দশ খানি উপনিষদ্ পাঠ করিলে শীঘ্রই জ্ঞান লাভ করিয়া আমাকে প্রাপ্ত হইতে পারিবে। হে অঞ্জনাতনয়! দশ খানি উপনিষদ্ পাঠ করিয়াও যদি জ্ঞানের বিকাশ না হয়, তবে দ্বাত্রিংশৎ (৩২) উপনিষদ্ পাঠ করিয়া সংসার হইতে নিবৃত্ত হইতে পারিবে ॥ ২৫ ॥ যদি তুমি বিদেহমুক্তি লাভ করিতে ইচ্ছা কর, তবে অষ্টোত্তরশত (১০৮) উপনিষদ্ পাঠ কর। শান্তিমন্ত্রের সহিত অষ্টোত্তরশত উপনিষদ্ পাঠের ক্রম বলিতেছি, শ্রবণ কর ॥ ২৬ ॥

অষ্টোত্তরশত উপনিষদের নাম যথা,—ঈশ, কেন, কঠ,

ব্রহ্ম কৈবল্য জাবাল শ্বেতাশ্বো হংস আরুণিঃ।
গর্ভো নারায়ণো হংসো বিন্দুর্নাদঃ শিরঃ শিখা ॥২৮॥
মৈত্রায়ণী কৌষিতকী বৃহজ্জাবাল তাপনী।
কালাগ্নিরুদ্র মৈত্রেয়ী সুবাল ক্ষুরি মন্ত্রিকা ॥ ২৯ ॥
সর্ব্বসারং নিরালম্বং রহস্যং বজ্রসূচিকম্ ॥
তেজো নাদো ধ্যান বিদ্যা যোগতত্ত্বাত্মবোধকম্ ॥৩০॥
পরিব্রাট্ ত্রিশিখী সীতা চূড়া নির্ব্বাণ মণ্ডলম্।
দক্ষিণা শরভং স্কন্দং মহানারায়ণাদ্বয়ম্ ॥ ৩১ ॥
রহস্যং রামতপনং বাসুদেবঞ্চ মুদ্গলম্ ॥
শাণ্ডিল্যং পৈঙ্গলং ভিক্ষু মহচ্ছারীরকং শিখা ॥ ৩২ ॥

প্রশ্ন, মুণ্ড, মাণ্ডুক্য, তিত্তিরি, ঐতরেয়, ছান্দোগ্য, বৃহদারণ্যক, ব্রহ্ম, কৈবল্য, জাবাল, শ্বেতাশ্ব, হংস, আরুণি, গর্ভ, নারায়ণ, হংস (পরম হংসোপনিষদ্) বিন্দু, (অমৃত বিন্দুপনিষদ্) নাদ (অমৃত নাদ) শির (অথর্ব্বশির) শিখা (অথর্ব্বশিখা) মৈত্রায়ণি, কৌষীতকী, বৃহজ্জাবাল, তাপনী (নৃসিংহতাপনী) কালাগ্নি-রুদ্র, মৈত্রেয়ী, সুবল, ক্ষুরি, মন্ত্রিকা, সর্ব্বসার, নিরালম্ব, রহস্য (শুকরহস্য) বজ্রসূচিক, তেজ (তেজোবিন্দু) নাদ (নাদবিন্দু) ধ্যান (ধ্যানবিন্দু) বিদ্যা (ব্রহ্মবিদ্যোপনিষদ্) যোগতত্ত্ব, আত্মবোধক, পরিব্রাট্ (নারদপরিব্রাট্) ত্রিশিখী (ত্রিশিখী ব্রাহ্মণোপনিষদ্) সীতা, চূড়া (যোগচূড়ামণি) নির্ব্বাণ মণ্ডল (মণ্ডল-ব্রাহ্মণোপনিষদ্) দক্ষিণা (দক্ষিণামূর্ত্ত্যুপনিষদ্) শরভ, স্কন্দ, মহানারায়ণ, অদ্বয় (তারকোপনিষদ্) ॥ ২৭—৩১ ॥

তুরীয়াতীত সংন্যাস পরিব্রাজাক্ষমালিকা ॥
অব্যক্তৈকাক্ষরং পূর্ণা সূর্য্যাক্ষ্যধ্যাত্ম কুণ্ডিকা ॥ ৩৩ ॥
সাবিত্র্যাত্মা পাশুপতং পরব্রহ্মাবধূতকম্।
ত্রিপুরাতপনং দেবী ত্রিপুরা কঠ ভাবনা ॥ ৩৪ ॥
হৃদয়ং কুণ্ডলী ভস্ম রুদ্রাক্ষ গণ দর্শনম্।
তারসার মহাবাক্য পঞ্চব্রহ্মাগ্নিহোত্রকম্ ॥ ৩৫ ॥
গোপালতপনং কৃষ্ণং যাজ্ঞবল্ক্যং বরাহকম্।
শাট্যায়নী হয়গ্রীবং দত্তাত্রেয়ঞ্চ গারুড়ম্।
কলি জাবালি সৌভাগ্য রহস্য ঋচ মুক্তিকাঃ ॥৩৬ ॥

রহস্য (রামরহস্যোপনিষদ্) রামতপন, বাসুদেব, মুদ্গল, শাণ্ডিল্য, পৈঙ্গল, ভিক্ষু, মহৎ (মহোপনিষদ্) শারীরক, শিখা (যোগশিখোপনিষদ্) ॥ ৩২ ॥ তুরীয়াতীত, সংন্যাস, পরিব্রাজ (পরমহংসপরিব্রাজকোপনিষদ্) অক্ষমালিকা, অব্যক্ত, একাক্ষর, পূর্ণা (অন্নপূর্ণোপনিষদ্) সূর্য্য, অক্ষি, অধ্যাত্ম, কুণ্ডিকা ॥ ৩৩ ॥ সাবিত্রী, আত্মা, পাশুপত, পরব্রহ্ম, অবধূত, ত্রিপুরাতপন, দেবী, ত্রিপুরা, কঠ (কঠরুদ্রোপনিষদ্) ভাবনা ॥ ৩৪ ॥ হৃদয, কুণ্ডলী (যোগকুণ্ডলী) ভস্ম (ভস্মজাবাল) রুদ্রাক্ষ, গণ (গণপত্যুপনিষদ্) দর্শন (জাবালদর্শনোপনিষদ্) তারসার, মহাবাক্য, পঞ্চব্রহ্ম, অগ্নিহোত্র (প্রাণাগ্নিহোত্রোপনিষদ্) ॥ ৩৫ ॥

গোপালতপন, কৃষ্ণ, যাজ্ঞবল্ক্য, বরাহ, শাট্যায়নী, হয়গ্রীব, দত্তাত্রেয়, গারুড়, কলি (কলিসন্তরণোপনিষদ্) জাবালি, সৌভাগ্য, রহস্য, (সরস্বতীরহস্য) ঋচ এবং মুক্তিক (মুক্তিকোপ-

এবমষ্টোত্তরশতং ভাবনাত্রয়নাশনম্।
জ্ঞানবৈরাগ্যদং পুংসাং বাসনাত্রয়নাশনম্॥ ৩৭॥
পূর্ব্বোত্তরেষু বিহিতস্তত্তচ্ছান্তিপুরঃসরম্।
বেদবিদ্যাব্রতস্নাতদেশিকস্য মুখাৎ স্বয়ম্॥৩৮॥
গৃহীত্বাষ্টোত্তরশতং যে পঠন্তি দ্বিজোত্তমাঃ।
প্রারব্ধক্ষয়পর্য্যন্তং জীবন্মুক্তা ভবন্তি তে॥ ৩৯॥
ততঃ কালবশাদেব প্রারব্ধে তু ক্ষয়ং গতে।
বৈদেহীং মামকীং মুক্তিং যান্তি নাস্ত্যত্র সংশয়ঃ॥ ৪০॥
সর্ব্বোপনিষদাং মধ্যে সারমষ্টোত্তরং শতম্।
সকৃৎ শ্রবণমাত্রেণ সর্ব্বাঘৌঘনিকৃন্তনম্॥ ৪১॥

নিষদ্)॥ ৩৬॥ এই যে অষ্টোত্তরশত উপনিষদ্ উল্লিখিত হইল, ইহারা আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক এই তাপত্রয় বিনাশ করে। ইহারা মানবের তত্ত্বজ্ঞান ও বৈরাগ্যপ্রদ এবং বাসনারাশির বিনাশক॥ ৩৭॥

যে দ্বিজোত্তমগণ বেদবিদ্যাসম্পন্ন ব্রতপরায়ন স্নাত আত্মতত্ত্ববিদ্ গুরুর মুখ হইতে উপনিষদ্পাঠের আদি ও অন্তে বিহিত স্বস্ব শান্তিমন্ত্রের সহিত এই অষ্টোত্তর শত উপনিষদ্ গ্রহণপূর্ব্বক পাঠ করেন, তাঁহারা প্রারব্ধ কর্ম্মক্ষয় পর্য্যন্ত জীবন্মুক্ত অবস্থায় থাকিয়া কালক্রমে প্রারব্ধ কর্ম্মের ক্ষয় হইলে বৈদেহীরূপ মৎসাযুজ্যমুক্তি লাভ করিয়া থাকেন, ইহাতে সন্দেহ নাই॥ ৩৮—৪০॥ সমস্ত উপনিষদের মধ্যে পূর্ব্বোক্ত অষ্টোত্তর শত উপনিষদ্ই শ্রেষ্ঠ। একবার মাত্র ইহা শ্রবণ করিলে সমস্ত পাপরাশি বিনাশ

ময়োপদিষ্টং শিষ্যায় তুভ্যং পবননন্দন।।
ইদং শাস্ত্রং ময়াদিষ্টং গুহ্যমষ্টোত্তরং শতম্॥ ৪২ ॥
জ্ঞানতোঽজ্ঞানতো বাপি পঠতাং বন্ধমোচকম্।
রাজ্যং দেয়ং ধনং দেয়ং যাচতঃ কামপূরণম্॥ ৪৩ ॥
ইদমষ্টোত্তরশতং ন দেয়ং যস্য কস্যচিৎ।
নাস্তিকায় কৃতঘ্নায় দুরাচাররতায় বৈ॥ ৪৪ ॥
মদ্ভক্তিবিমুখায়াপি শাস্ত্রগর্ত্তেষু মুহ্যতে।
গুরুভক্তিবিহীনায় দাতব্যং ন কদাচন॥ ৪৫ ॥
সেবাপরায় শিষ্যায় হিতপুত্রায় মারুতে।।
মদ্ভক্তায় সুশীলায় কুলীনায় সুমেধসে॥ ৪৬ ॥

প্রাপ্ত হয়॥ ৪১॥ হে পবননন্দন! তুমি আমার শিষ্য, তাই আমি তোমাকে ইহা উপদেশ করিলাম। আমার উপদিষ্ট এই অষ্টোত্তরশত উপনিষদ্ শাস্ত্র গোপনীয় দ্রব্য॥ ৪২॥ সম্যক্ প্রকারে রহস্য জানিয়াই হউক বা না জানিয়াই হউক, ইহা পাঠ করিলেই সংসারবন্ধন ছিন্ন হয়। যদি কেহ রাজ্য বা ধন প্রার্থনা করে, তবে যাচকের প্রার্থনা পূর্ণ করিয়া রাজ্যাদি প্রদান করিবে, কিন্তু এই অষ্টোত্তর শত উপনিষদ্ বিদ্যা যে কোন সাধারণ ব্যক্তিকে প্রদান করিবে না। যাহারা নাস্তিক, কৃতঘ্ন, দুরাচারপরায়ন এবং ঈশ্বরের প্রতি ভক্তিবিহীন হইয়া কেবল শাস্ত্রচর্চ্চায় নিরত ও গুরুভক্তিবিহীন, তাদৃশ ব্যক্তিদিগকে কথনই এই উপনিষদ্ শাস্ত্র প্রদান করিবে না॥ ৪৩—৪৫॥

হে বায়ুতনয়! যে শিষ্য সেবাতৎপর, শুভকার্য্যে নিপুণ,

সম্যক্ পরীক্ষ্য দাতব্যমেবমষ্টোত্তরং শতম্।
যঃ পঠেচ্ছৃণুয়াদ্বাপি স মামেতি ন সংশয়ঃ॥ ৪৭॥

তদেতদৃচাভ্যুক্তম্।

বিদ্যাহবৈ ব্রাহ্মণমাজগাম গোপায় মাসেবধিষ্টেহমস্মি।
অসূয়কায়ানৃতবে শঠায় মামাব্রূয়াদ্বীর্য্যবতী তথাস্যাম্॥৪৮
যমেবৈষ বিদ্যা শ্রুতমপ্রমত্তং মেধাবিনং ব্রহ্মচর্য্যোপপন্নম্

মদ্ভক্ত (ঈশ্বর ভক্ত) সুশীল, কুলীন, * এবং অতিশয় ধারণা-বুদ্ধিসম্পন্ন, তাহাকে সম্যক্রূপে পরীক্ষা করিয়া এই অষ্টোত্তর শত উপনিষদ্ বিদ্যা শিক্ষা দিবে। যে ব্যক্তি এই উপনিষদ্ বিদ্যা পাঠ বা শ্রবণ করে, সে আমাকে (ঈশ্বরকে) প্রাপ্ত হয়, ইহাতে সংশয় নাই॥ ৪৬—৪৭॥

এই বিষয়ই বেদোক্ত মন্ত্র দ্বারা কথিত হইয়াছে। যথা,—উপনিষদ্ বিদ্যা ব্রাহ্মণের নিকট আগমন করিয়া বলিলেন, তুমি আমাকে গুপ্তভাবে রক্ষা এবং সেবা করিবে। যাহারা অসূয়াতৎপর, অনৃতবাদী এবং শঠ, তাহাদিগের নিকট আমাকে (উপনিষদ্ বিদ্যাকে) প্রকাশ করিবে না। এই প্রকার করিলে আমি তোমার সম্বন্ধে বীর্য্যবতী হইব॥ ৪৮॥

যে ব্যক্তি অপ্রমত্ত, মেধাবী, এবং ব্রহ্মচর্য্য সম্পন্ন, তাদৃশ ব্যক্তি বিদ্যাগ্রহণের নিমিত্ত উপসন্ন হইলে গুরু সম্যক্রূপে

---

* "আচারোবিনয়োবিদ্যা প্রতিষ্ঠা তীর্থদর্শনম্। নিষ্ঠাশান্তিস্তপোদানং নবধা কুললক্ষণম্॥" এখানে কুলীন বলিতে এই শাস্ত্রোক্ত নবগুণসম্পন্ন ব্যক্তিকে বুঝাইয়াছে।

অস্মাইমামুপসন্নায় সম্যক্ পরীক্ষ্য দদ্যাদ্বৈষ্ণবীমাত্ম-
নিষ্ঠামিতি ॥ ৪৯ ॥

অথ হৈনং শ্রীরামচন্দ্রং মারুতিঃ পপ্রচ্ছ।
ঋগ্বেদাদিবিভাগেন পৃথক্ শান্তিমনুব্রূহীতি ॥ ৫০ ॥

সহোবাচ শ্রীরামঃ।

ঐতরেয়কৌষীতকীনাদবিন্দ্বাত্মপ্রবোধনির্ব্বাণমুদ্গলাক্ষমালিকাত্রিপুরাসৌভাগ্যবহ্বৃচানামৃগ্বেদগতানাং দশসংখ্যকানামুপনিষদাং বাঙ্মে (১) মনসীতি শান্তিঃ ॥৫১॥

ঈশাবাস্য বৃহদারণ্যক জাবাল হংস পরমহংস সুবালমন্ত্রিকা নিরালম্ব ত্রিশিখী ব্রাহ্মণমণ্ডল ব্রাহ্মণদ্বয়-

---

পরীক্ষা করিয়া আত্মতত্ত্ববিষয়িণী বৈষ্ণবী বিদ্যা (উপনিষদ্বিদ্যা) প্রদান করিবেন ॥ ৪৯ ॥

অনন্তর বায়ুতনয় শ্রীরামচন্দ্রকে বলিলেন, ঋগ্বেদাদি ভেদে পৃথক্ পৃথক্ যে যে শান্তি মন্ত্র নির্দ্দিষ্ট আছে, তাহা আপনি বলুন ॥ ৫০ ॥

তখন শ্রীরামচন্দ্র বলিতে লাগিলেন, ঐতরেয়, কৌষীতকী, নাদবিন্দু, আত্মপ্রবোধ, নির্ব্বাণ, মুদ্গল, অক্ষমালিকা, ত্রিপুরা, সৌভাগ্য এবং বহ্বৃচ এই দশখানি উপনিষদ্ ঋগ্বেদের অন্তর্গত, উক্ত দশোপনিষদের "বাঙ্মে মনসি" ইত্যাদি শান্তিমন্ত্র ॥ ৫১ ॥

---

(১)। ওঁ বাঙ্মে মনসি প্রতিষ্ঠিতা মনো মে বাচি প্রতিষ্ঠিতমাবিরাবীর্ম্ম এধি বেদস্য ম আণীস্থঃ শ্রুতং মে মা প্রহাসীরনেনাধীতে নাহোরাত্রান্ সন্দধাম্যৃতং বদিষ্যামি সত্যং বদিষ্যামি তন্মামবতু তদ্বক্তারমবত্ববতু মামবতু বক্তারম্। ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ। হরিঃ ওঁ।

তারক পৈঙ্গল ভিক্ষু তুরীয়াতীতাধ্যাত্ম তারসার যাজ্ঞবল্ক্য শাট্যায়নী মুক্তিকানাং শুক্ল-যজুর্ব্বেদ-গতানামেকোনবিংশতিসংখ্যকানামুপনিষদ্বাং পূর্ণমদ (১) ইতি শান্তিঃ ॥ ৫২ ॥

কঠবল্লী তৈত্তিরীয়ক ব্রহ্ম কৈবল্য শ্বেতাশ্বতর গর্ভনারায়ণামৃতবিন্দ্বমৃতনাদ কালাগ্নিরুদ্র ক্ষুরিকা সর্ব্বসার শুকরহস্য তেজোবিন্দু ধ্যানবিন্দু ব্রহ্মবিদ্যা যোগতত্ত্ব দক্ষিণামূর্ত্তি স্কন্দ শারীরক যোগশিখৈকাক্ষরাক্ষ্যবধূত কঠরুদ্র হৃদয় যোগকুণ্ডলিনী পঞ্চব্রহ্ম প্রাণাগ্নিহোত্র বরাহকলিসন্তরণ সরস্বতীরহস্যানাং কৃষ্ণযজুর্ব্বেদগতানাং দ্বাত্রিংশৎসংখ্যকানামুপনিষদাং সহনাববত্বিতি (২) শান্তিঃ ॥৫৩॥

ঈশ, বৃহদারণ্যক, জাবাল, হংস, পরমহংস, সুবাল, মন্ত্রিকা, নিরালম্ব, ত্রিশিখী, ব্রাহ্মণমণ্ডল, ব্রাহ্মণদ্বয়তারক, পৈঙ্গল, ভিক্ষু, তুরীয়, অতীতাধ্যাত্ম, তারসার, যাজ্ঞবল্ক্য, শাট্যায়নী ও মুক্তিকা এই একোনবিংশতিসংখ্যক-উপনিষদ্ শুক্ল যজুর্ব্বেদের অন্তর্গত। ইহাদের শান্তি মন্ত্র "পূর্ণমদ" ইত্যাদি জানিবে ॥ ৫২ ॥

কঠবল্লী, তৈত্তিরীয়ক, ব্রহ্ম, কৈবল্য, শ্বেতাশ্বতর, গর্ভ, নারায়ণ, অমৃতবিন্দু, অমৃতনাদ, কালাগ্নিরুদ্র, ক্ষুরিকা, সর্ব্বসার, শুকরহস্য, তেজোবিন্দু, ধ্যানবিন্দু, ব্রহ্মবিদ্যা, যোগতত্ত্ব, দক্ষিণা-

---

(১)। ওঁ পূর্ণমদঃ পূর্ণমিদং পূর্ণাৎ পূর্ণমুদচ্যতে। পূর্ণস্য পূর্ণমাদায় পূর্ণমেবাবশিষ্যতে। ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ ॥ হরিঃ ওঁ।

(২)। ওঁ সহনাববতু সহনৌ ভুনক্তু সহবীর্য্যং করবাবহৈ। তেজস্বিনাবধীতমস্তু মাবিদ্বিষাবহৈ ॥ ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ ॥ হরিঃ ওঁ ॥

কেন ছান্দোগ্যারুণি মৈত্রায়ণী মৈত্রেয়ী বজ্রসূচিক যোগচূড়ামণি বাসুদেব মহৎ সংন্যাসাব্যক্ত কুণ্ডিকা সাবিত্রী রুদ্রাক্ষ জাবালদর্শন জাবালীনাং সামবেদগতানাং ষোড়শসংখ্যকানামুপনিষদামাপ্যায়ন্ত্বিতি (১) শান্তিঃ ॥৫৪॥

প্রশ্ন মুণ্ডক মাণ্ডুক্যাথর্ব্বশিরোঽথর্ব্বশিখা বৃহজ্জাবাল নৃসিংহতাপনী নারদপরিব্রাজক সীতা সরভ মহানারায়ণ রামরহস্য রামতাপনী শাণ্ডিল্য পরমহংস পরিব্রাজকান্নপূর্ণা সূর্য্যাত্ম পাশুপত পরব্রহ্ম ত্রিপুরাতপন দেবী ভাবনা ভস্ম

মূর্ত্তি, স্কন্দ, শারীরক, যোগশিখা, একাক্ষর, অক্ষি, অবধূত, কঠ-রুদ্র, হৃদয়, যোগকুণ্ডলিনী, পঞ্চব্রহ্ম, প্রাণাগ্নিহোত্র, বরাহ, কলি-সন্তরণ ও সরস্বতীরহস্য এই কৃষ্ণ যজুর্ব্বেদান্তর্গত দ্বাত্রিংশৎ-সংখ্যক উপনিষদের "সহনাববতু" ইত্যাদি শান্তিমন্ত্র ॥ ৫৩॥

কেন, ছান্দোগ্য, আরুণি, মৈত্রেয়ী, বজ্রসূচিক, যোগচূড়ামণি, বাসুদেব, মহৎ, সংন্যাস, অব্যক্ত, কুণ্ডিকা, সাবিত্রী, রুদ্রাক্ষ এবং জাবালী এই সামবেদান্তর্গত ষোড়শসংখ্যক উপনিষদের "আপ্যায়ন্তু" ইত্যাদি শান্তিমন্ত্র ॥ ৫৪ ॥

প্রশ্ন, মুণ্ডক, মাণ্ডুক্য, অথর্ব্বশিরঃ অথর্ব্বশিখা, বৃহজ্জাবাল, নৃসিংহতাপনী, নারদপরিব্রাজ, সীতা, সরভ, মহানারায়ণ, রাম-রহস্য, রামতাপনী, শাণ্ডিল্য, পরমহংসপরিব্রাজ, অন্নপূর্ণা,

---

(১) ওঁ আপ্যায়ন্তু মমাঙ্গানি বাক্প্রাণশ্চক্ষুঃশ্রোত্রমথো বলমিন্দ্রিয়াণি চ সর্ব্বাণি সর্ব্বং ব্রহ্মৌপনিষদম্। মাহং ব্রহ্ম নিরাকুর্য্যাং মা মা ব্রহ্ম-নিরাকরোদনিরাকরণমস্ত্বনিরাকরণমেঽস্তু। তদাত্মনি নিরতে য উপনিষৎসু ধর্ম্মাস্তে ময়ি সন্তু॥ ওঁ শান্তিঃ ওঁ শান্তিঃ ওঁ শান্তিঃ ॥ হরিঃ ওঁ ॥

জাবাল গণপতি মহাবাক্য গোপালতপন কৃষ্ণ হয়গ্রীব দত্তাত্রেয় গারুড়ানামথর্ব্ববেদগতানামেকত্রিশৎসংখ্যকানামুপনিষদাং ভদ্রং কর্ণেভিরিতি (১) শান্তিঃ ॥ ৫৫ ॥

মুমুক্ষবঃ পুরুষাঃ সাধনচতুষ্টয়সম্পন্নাঃ শ্রদ্ধাবন্তং সৎকুলভবং শ্রোত্রিয়ং শাস্ত্রবাৎসল্যং গুণবন্তমকুটিলং সর্ব্বভূতহিতে রতং দয়াসমুদ্রং সদ্গুরুং বিধিবদুপসঙ্গম্যোপহারপাণয়োঽষ্টোত্তরশতোপনিষদং বিধিবদধীত্য শ্রবণমনননিদিধ্যাসনানি নৈরন্তর্য্যেণ কৃত্বা প্রারব্ধক্ষয়াদ্দেহত্রয়ভঙ্গং

সূর্য্যাত্ম, পাশুপত, পরব্রহ্ম, ত্রিপুরাতপন, দেবী, ভাবনা, ভস্ম, জাবাল, গণপতি, মহাবাক্য, গোপালতপন, কৃষ্ণ, হয়গ্রীব, দত্তাত্রেয় ও গারুড় এই অথর্ব্ববেদান্তর্গত একত্রিংশৎ উপনিষদের "ভদ্রং কর্ণেভিঃ" ইত্যাদি শান্তিমন্ত্র ॥ ৫৫ ॥

মুমুক্ষু পুরুষগণ সাধনচতুষ্টয় * সম্পন্ন হইয়া সমিধাদি উপহার, হস্তে গ্রহণপূর্ব্বক শ্রদ্ধাসম্পন্ন, সৎকুলোৎপন্ন, বেদবিদ্, শাস্ত্রবৎসল, গুণবান্, সরলহৃদয়, সমস্ত প্রাণীর হিতকর কার্য্যে তৎপর ও দয়াশীল সদ্গুরুর সমীপে যথাবিধি গমন করিয়া অষ্টোত্তরশত উপনিষদ্ বিধিপূর্ব্বক অধ্যয়ন করিয়া নিরন্তর শ্রবণ, মনন

---

(১) ওঁ ভদ্রং কর্ণেভিঃ শৃণুয়াম দেবাভদ্রং পশ্যেম অক্ষভির্যজত্রা। স্থিরৈরঙ্গৈস্তুষ্টুবাংসস্তনূভির্ব্যশেম দেবহিতং যদায়ুঃ॥ ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ॥ হরিঃ ওঁ ॥

* সাধন চতুষ্টয় যথা,—(১) নিত্যানিত্য বস্তুবিচার—কোনটী নিত্য বস্তু আর কোনটী অনিত্য বস্তু, ইহার বিচার। (২) ইহকাল ও পরকালে ফল-কামনা শূন্যতা। (৩) শমদমাদি সাধন। (৪) মোক্ষাভিলাষ।

প্রাপ্যোপাধিবিনির্ম্মুক্তঘটাকাশবৎ পরিপূর্ণতা বিদেহমুক্তিঃ, সৈব কৈবল্যমুক্তিরিতি। অতএব ব্রহ্মলোকস্থা অপি ব্রহ্মমুখাদ্বেদান্তশ্রবণাদি কৃত্বা তেন সহ কৈবল্যং লভন্তে। অতঃ সর্ব্বেষাং কৈবল্যমুক্তির্জ্ঞানমাত্রেণোক্তা। ন কর্ম্মসাঙ্খ্যযোগোপাসনাদিভিরিত্যুপনিষদ্ ॥ ৫৬ ॥

ইতি প্রথমোঽধ্যায়ঃ।

ও নিদিধ্যাসনের (১) অনুষ্ঠান করিবে। এই প্রকার অনুষ্ঠান দ্বারা প্রারব্ধ কর্ম্মের ক্ষয় হইয়া দেহত্রয় (২) বিনষ্ট হইয়া যায়। তখন উপাধিবিনির্ম্মুক্ত ঘটাকাশের ন্যায় পরিপূর্ণতারূপ বিদেহমুক্তি হইয়া থাকে, ইহাকেই কৈবল্য মুক্তি বলে। আর যাহারা সৎ কার্য্যের অনুষ্ঠান দ্বারা ব্রহ্মলোক গমন করিয়াছেন, তাঁহারা সেই স্থানেই ব্রহ্মার মুখে বেদান্ত শ্রবণাদি করিয়া তাঁহার সহিত কৈবল্যমুক্তি লাভ করিয়া থাকেন। অতএব জানা যাইতেছে যে, সকলেরই কেবলমাত্র জ্ঞানের দ্বারাই কৈবল্যমুক্তি সাধিত হইয়া থাকে, কর্ম্মযোগ, সাংখ্যযোগ বা উপাসনাদি দ্বারা নহে ॥ ৫৬ ॥

প্রথম অধ্যায় সমাপ্ত।

---

(১) শ্রুতিবাক্য দ্বারা আত্মতত্ত্বশ্রবণের নাম শ্রবণ, সাংখ্যাদি দর্শনোক্ত যুক্তি দ্বারা শ্রুত বিষয়ের প্রমাণ করার নাম মনন, এবং মননানন্তর সেই বিষয়ের ধ্যান করার নাম নিদিধ্যাসন।

(২) "তদধিষ্ঠানাশ্রয়ে দেহে তদ্বাদাৎ তদ্বাদঃ" (সাংখ্যদর্শন, ৩য় অঃ ১১ সূঃ) এই সূত্রে দেহত্রয় প্রতিপাদিত হইয়াছে। যথা,—লিঙ্গদেহ বা সূক্ষ্মদেহ, অধিষ্ঠানদেহ (লিঙ্গদেহের আশ্রয় দেহ) এবং স্থূলদেহ।

দ্বিতীয়োঽধ্যায়ঃ।

তথাহৈনং শ্রীরামচন্দ্রং মারুতিঃ পপ্রচ্ছ।

কেয়ং জীবন্মুক্তিঃ, কেয়ং বিদেহমুক্তিঃ কিংবা তত্র প্রমাণম্, কথং বা তৎসিদ্ধিঃ, সিদ্ধ্যা বা কিং প্রয়োজনমিতি ॥ ১ ॥

সহোবাচ শ্রীরামঃ।

পুরুষস্য কর্তৃত্ব-ভোক্তৃত্ব-সুখদুঃখাদিলক্ষণশ্চিত্তধর্ম্মঃ ক্লেশরূপত্বাদ্বন্ধো ভবতি। তন্নিরোধনং জীবন্মুক্তিঃ। উপাধিবিনির্ম্মুক্তঘটাকাশবৎ প্রারব্ধক্ষয়াদ্বিদেহমুক্তিঃ। জীবন্মুক্তিবিদেহমুক্ত্যোরষ্টোত্তরশতোপনিষদঃ প্রমাণম্। কর্তৃত্বাদি-

---

অনন্তর মরুত্তনয় হনুমান্ শ্রীরামচন্দ্রকে জিজ্ঞাসা করিলেন, বিদেহমুক্তি ও জীবন্মুক্তি কাহাকে বলে। উক্ত মুক্তিদ্বয়ের প্রমাণ কি? কেমন করিয়া উহা সিদ্ধ হয় এবং সিদ্ধ হইলেই বা কি প্রয়োজন সাধিত হয়? ॥ ১ ॥

তখন শ্রীরামচন্দ্র বলিতে লাগিলেন,—আমি কর্ত্তা, ভোক্তা, সুখী ও দুঃখী, ইত্যাদি বুদ্ধিই চিত্তের ধর্ম্ম। এই প্রকার বৃত্তিই পুরুষের ক্লেশদায়িনী এবং বন্ধের কারণ। এই সমস্ত বৃত্তির নিরোধকেই জীবন্মুক্তি বলে। আর যখন উপাধিবিনির্ম্মুক্ত ঘটাকাশের ন্যায় প্রারব্ধ কর্ম্মের ক্ষয় হইয়া দেহ নষ্ট হইয়া যায়,

দুঃখনিবৃত্তিদ্বারা নিত্যানন্দাবাপ্তিঃ প্রয়োজনং ভবতি। তৎ পুরুষপ্রযত্নসাধ্যং ভবতি। যথা পুত্রকামেষ্টিনা পুত্রং, বাণিজ্যাদিনা বিত্তং, জ্যোতিষ্টোমেন স্বর্গং, তথা পুরুষ-প্রযত্নসাধ্যবেদান্তশ্রবণাদিজনিতসমাধিনা জীবন্মুক্ত্যাদি-লাভো ভবতি। সর্ব্ববাসনাক্ষয়াত্তল্লাভঃ ॥ ২ ॥

অত্র শ্লোকা ভবন্তি।

উচ্ছাস্ত্রং শাস্ত্রিতং চেতি পৌরুষং দ্বিবিধং মতম্।
তত্রোচ্ছাস্ত্রমনর্থায় পরমার্থায় শাস্ত্রিতম্ ॥ ৩ ॥

সেই অবস্থাকে বিদেহমুক্তি বলে। জীবন্মুক্তি ও বিদেহমুক্তি সম্বন্ধে অষ্টোত্তরশত উপনিষদ্ই প্রমাণ। যখন কর্ত্তৃত্বাদি দুঃখ নিবৃত্তি হইয়া যায়, তখন পুরুষ নিত্যানন্দ প্রাপ্ত হয়, এই আনন্দ-প্রাপ্তিই মুক্তির প্রয়োজন। এই মুক্তি মানবের প্রযত্ন দ্বারা সাধিত হয়। যেমন পুত্রকামী ব্যক্তি পুত্রেষ্টি যাগ দ্বারা পুত্র, ধনার্থী ব্যক্তি বাণিজ্যাদি দ্বারা ধন ও স্বর্গকামী মানব জ্যোতিষ্টোম যজ্ঞ দ্বারা স্বর্গলাভ করে, তেমন পুরুষের প্রযত্নসাধ্য বেদান্তশ্রবণাদি জনিত সমাধি দ্বারা জীবন্মুক্ত্যাদি লাভ হয় অর্থাৎ সমাধিদ্বারা সমস্ত বাসনা প্রক্ষীণ হইলে পর জীবন্মুক্ত্যাদি লাভ হইয়া থাকে ॥ ২ ॥

এখন পূর্ব্বোক্ত বিষয় আবার সুব্যক্ত করিতেছেন।—পুরুষ-কার দ্বিবিধ,—উচ্ছাস্ত্র অর্থাৎ শাস্ত্রবিগর্হিত, ও শাস্ত্রিত অর্থাৎ শাস্ত্রানুবর্ত্তী। তন্মধ্যে উচ্ছাস্ত্রপুরুষকার অনর্থ উৎপাদন করে, আর শাস্ত্রিতপুরুষকার পরমার্থ সাধন করে ॥ ৩ ॥ লোকবাসনা,

লোকবাসনয়া জন্তোঃ শাস্ত্রবাসনয়াপি চ।
দেহবাসনয়া জ্ঞানং যথাবন্নৈব জায়তে ॥ ৪ ॥
দ্বিবিধো বাসনাব্যূহঃ শুভশ্চৈবাশুভশ্চ তৌ।
বাসনৌঘেন শুদ্ধেন তত্র চেদনুনীয়সে ॥ ৫ ॥
তৎক্রমেণাশু তেনৈব মামকং পদমাপ্নুহি।
অথ চেদশুভো ভাবস্ত্বাং যোজয়ত্যতিসঙ্কটে ॥ ৬ ॥
প্রাক্তনস্তদসৌ যত্নাজ্জেতব্যো ভবতা কপে!।
শুভাশুভাভ্যাং মার্গাভ্যাং বহন্তী বাসনাসরিৎ।
পৌরুষেণ প্রযত্নেন যোজনীয়া শুভে পথি ॥ ৭ ॥
অশুভেষু সমাবিষ্টং শুভেষ্বেবাবতারয়েৎ।
অশুভাচ্চালিতং যাতি শুভং তস্মাদপীতরৎ ॥ ৮ ॥

শাস্ত্রবাসনা এবং দেহবাসনা এই বাসনাত্রয়ের মধ্যে কোনটী-দ্বারাই যথোপযুক্ত জ্ঞানের বিকাশ হয় না ॥ ৪ ॥ বাসনারাশি দ্বিবিধ,—শুভ ও অশুভ, তন্মধ্যে শুভ বাসনা দ্বারা ঈশ্বরকে জানিতে পারিলে তদ্দ্বারাই আশু আমার নিত্য ধাম প্রাপ্ত হইতে পারিবে। যদি অশুভ বাসনার আশ্রয় গ্রহণ কর, তবে উহা তোমাকে সংসারসঙ্কটে নিযোজিত করিবে ॥ ৫—৬ ॥ অতএব হে হনুমন্! প্রাক্তন সেই অশুভ ভাব অতি যত্নপূর্ব্বক পরিত্যাগ করিবে। এই বাসনা নাম্নী নদী শুভ ও অশুভ পথে প্রবাহিত হইতেছে, অতএব পুরুষকার দ্বারা উহাকে শুভ পথে নিযোজিত করিতে হইবে ॥৭॥ অশুভ বাসনাবাসিত চিত্তকে শুভ বাসনায় (মুক্তিবাসনায়) সমাবিষ্ট করিবে। অশুভ বাসনা হইতে

পৌরুষেণ প্রযত্নেন লালয়েচ্চিত্তবালকম্।
দ্রাগভ্যাসবশাদ্‌যাতি যদা তে বাসনাদ্বয়ম্।
তদাভ্যাসস্য সাফল্যং বিদ্ধি ত্বমরিমর্দ্দন! ॥ ৯ ॥
সন্দিগ্ধায়ামপি ভৃশং শুভামেব সমাচর।
শুভায়াং বাসনাবৃদ্ধৌ ন দোষায় মরুৎসুত! ॥ ১০ ॥
বাসনাক্ষয়বিজ্ঞানমনোনাশা মহামতে!।
সমকালং চিরাভ্যস্তা ভবন্তি ফলদা মতাঃ ॥ ১১ ॥
ত্রয়মেব সমং যাবন্নাভ্যস্তঞ্চ পুনঃ পুনঃ।
তাবন্ন পদসংপ্রাপ্তির্ভবত্যপি সমাশতৈঃ ॥ ১২ ॥

চিত্ত পরিচালিত হইলে শুভ বাসনায় নিয়োজিত হয়, আর এই প্রকার না করিলে ইহার বিপরীত ফল ফলিয়া থাকে ॥ ৮ ॥

হে শত্রুনিসূদন! যত্নপূর্ব্বক পুরুষকার দ্বারা চিত্ত বালককে লালিত করিবে। যখন অভ্যাস বশতঃ চিত্ত হইতে শুভ ও অশুভ বাসনা বিদূরিত হইবে, তখন তুমি অভ্যাসের দৃঢ়তা জানিবে ॥ ৯ ॥ হে পবনতনয়! শুভাশুভ বাসনার সন্দেহ উপস্থিত হইলে শুভ বাসনার আশ্রয় গ্রহণ করিবে, কারণ শুভ বাসনার বৃদ্ধি হইলে কখনই দোষাশঙ্কা থাকে না ॥ ১০ ॥

হে মহামতে! বাসনাক্ষয়, বিজ্ঞান ও চিত্তনাশ এই তিনটী এক কালেই অভ্যাস করিবে, ইহারা বহুকাল পর্য্যন্ত অভ্যস্ত হইলে ফলপ্রদ হইয়া থাকে ॥ ১১ ॥ যে পর্য্যন্ত এই তিনটী পুনঃ পুনঃ অভ্যস্ত না হয়, তাবৎ শত বৎসরেও ঈশ্বর পদপ্রাপ্তি হয় না ॥ ১২ ॥

একৈকশো নিষেব্যন্তে যদ্যেতে চিরমপ্যলম্।
তন্ন সিদ্ধিং প্রযচ্ছন্তি মন্ত্রাঃ সংকীর্ণতা ইব ॥ ১৩ ॥
ত্রিভিরেতৈশ্চিরাভ্যস্তৈর্হৃদয়গ্রন্থয়ো দৃঢ়াঃ।
নিঃশঙ্কমেব নশ্যন্তি বিসচ্ছেদাদ্গুণা ইব ॥ ১৪ ॥
জন্মান্তরশতাভ্যস্তা মিথ্যা সংসারবাসনা।
সা চিরাভ্যাসযোগেন বিনা ন ক্ষীয়তে ক্বচিৎ ॥ ১৫ ॥
তস্মাৎ সৌম্য! প্রযত্নেন পৌরুষেণ বিবেকিনা।
ভোগেচ্ছাং দূরতস্ত্যক্ত্বা ত্রয়মেব সমাশ্রয় ॥ ১৬ ॥
তস্মাদ্বাসনয়া যুক্তং মনোবদ্ধং বিদুর্বুধাঃ।
সম্যগ্বাসনয়া ত্যক্তং মুক্তমিত্যভিধীয়তে ॥ ১৭ ॥

বাসনাক্ষয়, বিজ্ঞান এবং চিত্তনাশ এই তিনটীর মধ্যে এক একটী করিয়া চিরকাল অভ্যস্ত করিলেও তাহা বৃথা, তাহারা সিদ্ধিপ্রদানে সমর্থ নহে। যেমন মন্ত্রের সমস্ত ভাগ পাঠ না করিয়া সংকীর্ণরূপে পাঠ করিলে ঐ মন্ত্র ফলপ্রদানে সমর্থ হয় না, সেইরূপ বাসনাক্ষয়াদি এককালে অভ্যস্ত না হইলে ফলপ্রদ হয় না ॥ ১৩ ॥ মৃণাল ছেদন করিলে যেমন তদন্তর্গত সূত্র সকল ছিন্ন হইয়া যায়, তেমন বাসনাক্ষয়, বিজ্ঞান ও চিত্তনাশ এই তিনটী বহুকাল অভ্যস্ত হইলে সুদৃঢ় চিত্তগ্রন্থি বিনষ্ট হইয়া যায় ॥ ১৪ ॥ সংসারবাসনা মিথ্যা হইলেও উহা যখন শত শত জন্ম হইতে অভ্যস্ত হইয়া আসিয়াছে, তখন বহুকাল পর্য্যন্ত অভ্যাসযোগ ব্যতীত কদাচ ক্ষীণ হইতে পারে না ॥ ১৫ ॥ অতএব হে সৌম্য হনুমন্! তুমি বিবেকপূর্ব্বক পুরুষকার দ্বারা ভোগবাসনা দূরে নিক্ষিপ্ত করিয়া পূর্ব্বোক্ত বাসনাক্ষয়াদি কার্য্য-ত্রয় আশ্রয় কর ॥ ১৬ ॥ পণ্ডিতগণ বলিয়া থাকেন, বাসনাযুক্ত

মনোনির্ব্বাসনীভাবমাচরাশু মহাকপে ! ।
সম্যগালোচনাৎ সত্যাদ্বাসনা প্রবিলীয়তে ॥ ১৮ ॥
বাসনাবিলয়ে চেতঃ শমমায়াতি দীপবৎ।
বাসনাং সংপরিত্যজ্য ময়ি চিন্মাত্রবিগ্রহে।
যস্তিষ্ঠতি গতব্যগ্রঃ সোঽহং সচ্চিৎসুখাত্মকঃ ॥ ১৯ ॥
সমাধিমথ কর্ম্মাণি মা করোতু করোতু বা।
হৃদয়েনাশু সর্ব্বেহো মুক্ত এবোত্তমাশয়ঃ ॥ ২০ ॥
নৈষ্কর্ম্ম্যেণ ন তস্যার্থস্তস্যার্থোঽস্তি ন কর্ম্মভিঃ।
ন সমাধানজাপ্যাভ্যাং যস্য নির্ব্বাসনং মনঃ ॥ ২১ ॥

মনকেই বদ্ধ বলা যায়, আর যে মন সম্যক্‌রূপে বাসনাবিমুক্ত, তাহাকেই মুক্ত বলিয়া জানিবে ॥ ১৭ ॥

হে মহাকপে! তুমি সত্বর মনকে নির্ব্বাসনীভাবে আনয়ন কর। তত্ত্ববস্তুর সম্যক্ আলোচনা করিলেই বাসনা বিলয় প্রাপ্ত হইবে ॥ ১৮ ॥ (বায়ুরহিত স্থানস্থিত) প্রদীপ যেমন নিশ্চল ভাব প্রাপ্ত হয়, তেমন বাসনারহিত চিত্ত শান্তি লাভ করিয়া থাকে। বাসনা পরিত্যাগপূর্ব্বক যে ব্যক্তি চিন্মাত্রস্বরূপ আমাতে চিত্ত সমাধান করিতে পারে, তাহার সংসারের প্রতি ব্যগ্রতা থাকে না, সেই পুরুষ মৎস্বরূপ এবং সচ্চিৎ সুখের অধিকারী ॥১৯॥ যাঁহার হৃদয় হইতে বাসনারাশি বিদূরিত হইয়াছে, তাদৃশ ব্যক্তি সমাধি বা অন্য বিহিত কর্ম্মের অনুষ্ঠান করুন আর নাই করুন, তাঁহাকে উত্তমাশয় মুক্ত পুরুষ বলিয়া জানিবে ॥ ২০ ॥ যাঁহার মন বাসনাবিমুক্ত হইয়াছে, তাঁহার নিষ্কাম কর্ম্মের অনুষ্ঠানেও কোন প্রয়োজন নাই এবং সকাম কর্ম্ম, সমাধি বা জপেরও

সন্ত্যক্তবাসনান্মৌনাদৃতে নাস্ত্যুত্তমং পদম্।
বাসনাহীনমপ্যেতচ্চক্ষুরাদীন্দ্রিয়ং স্বতঃ।
প্রবর্ত্ততে বহিঃস্বার্থে বাসনামাত্রকারণম্॥ ২২॥
অযত্নোপনতেষ্বক্ষি দৃক্ দ্রব্যেযু যথা পুনঃ।
নীরাগমেব পততি তদ্বৎ কার্য্যেযু ধীরধীঃ॥ ২৩॥
ভাবসচ্চিৎপ্রকটিতামনুরূপাঞ্চ মারুতে!।
চিত্তস্যোৎপত্তিপরমাং বাসনাং মুনয়ো বিদুঃ॥ ২৪॥
দৃঢ়াভ্যস্তপদার্থৈকভাবনাদতিচঞ্চলম্।
চিত্তং সংজায়তে জন্মজরামরণকারণম্॥ ২৫॥
বাসনাবশতঃ প্রাণস্পন্দস্তেন চ বাসনা।
ক্রিয়তে চিত্তবীজস্য তেন বীজাঙ্কুরক্রমঃ॥ ২৬॥

কোন আবশ্যক নাই॥ ২১॥ বাসনারাশি পরিত্যাগ পূর্ব্বক মৌনাবলম্বন ব্যতীত পরম পদলাভের সম্ভাবনা নাই। বাসনা-বাসিত চক্ষুরাদি ইন্দ্রিয় স্বভাবতঃই বহির্ব্বিষয়ে প্রধাবিত হয়, তাহার একমাত্র কারণ বাসনা॥ ২২॥ অযত্নোপনত দ্রষ্টব্য বিষয়ে যেমন চক্ষু পুনঃ পুনঃ পতিত হয়, সেইরূপ ধীরবুদ্ধি ব্যক্তিও বাসনা-প্রযুক্ত হইয়া কার্য্যে প্রবৃত্ত হইয়া থাকেন॥ ২৩॥ হে মারুতে! মুনিগণ বলেন, বিষয়ের জ্ঞান দ্বারা প্রকটিত বিষয়ানুরূপ চিত্তের বৃত্তিবিশেষের নাম বাসনা, এই বাসনাই চিত্তগ্রন্থি সম্বন্ধ করে॥ ২৪॥ দৃঢ় অভ্যস্ত পদার্থের ভাবনা দ্বারা চিত্ত অতি চঞ্চল হয়, এই প্রকার চিত্তের চাঞ্চল্যই জন্ম, জরা ও মৃত্যুর কারণ॥ ২৫॥
পূর্ব্ব বাসনাবশতঃই চিত্ত বিষয়ের প্রতি ধাবিত হয়, আবার

দ্বে বীজে চিত্তবৃক্ষস্য প্রাণস্পন্দনবাসনে।
একস্মিংশ্চ তয়োঃ ক্ষীণে ক্ষিপ্রং দ্বে অপি নশ্যতঃ ॥২৭॥
অসঙ্গব্যবহারত্বাদ্ভবভাবনবর্জ্জনাৎ।
শরীরনাশদর্শিত্বাদ্বাসনা ন প্রবর্ত্ততে।
বাসনাসম্পরিত্যাগাচ্চিত্তং গচ্ছত্যচিত্ততাম্ ॥ ২৮ ॥
অবাসনত্বাৎ সততং যদা ন মনুতে মনঃ।
অমনস্তাৎ তদোদেতি পরমোপশমপ্রদা ॥ ২৯ ॥
অব্যুৎপন্নমনা যাবস্তবানজ্ঞাততৎপদঃ।
গুরুশাস্ত্রপ্রমাণৈস্তু নির্ণীতং তাবদাচর ॥ ৩০ ॥

চিত্ত বিষয়ে ধাবিত হইলেই তদ্দ্বারা বাসনা জন্মে। এইপ্রকারে বীজাঙ্কুরের ন্যায় চিত্তের বিষয়প্রবণতা দ্বারা বাসনা, আবার বাসনা দ্বারা বিষয়প্রবণতা জন্মে। চিত্তরূপ বৃক্ষের প্রাণস্পন্দন ও বাসনা এই দুইটীই স্বকীয় বীজস্বরূপ। এই উভয়ের একটী ক্ষীণ হইলে উভয়ই প্রক্ষীণ হইয়া নষ্ট হইয়া যায় ॥ ২৬—২৭ ॥ যাঁহারা অসঙ্গভাবে সংসারে ব্যবহার করেন, যাঁহাদিগের চিত্ত হইতে সংসারভাবনা বিদূরিত হইয়া গিয়াছে এবং এই দেহকে বিনশ্বর বলিয়া ধারণা হইয়াছে, তাঁহাদের বাসনা প্রবৃত্ত হইতে পারে না এবং বাসনার সম্যক্‌রূপে পরিত্যাগ করিতে পারিলে চিত্তের চিত্তত্ব থাকে না অর্থাৎ উহা অকর্ম্মণ্য হইয়া যায় ॥ ২৮ ॥ মন যখন বাসনাবিহীন হইয়া বিষয় গ্রহণ করে না, তখন মনের অস্তিত্ব নষ্ট হইয়া যায়, সুতরাং সেই সময়ে পরম শান্তিপ্রদ বিবেক বুদ্ধির উদয় হয় ॥ ২৯ ॥ হে হনূমন্! যত কাল তোমার মন পূর্ব্বোক্ত প্রকারে অভ্যস্থ না হইবে, তত কাল পর্য্যন্ত সেই পরম

ততঃ পক্ককষায়েণ নূনং বিজ্ঞাতবস্তুনা।
শুভোঽপ্যসৌ ত্বয়া ত্যাজ্যো বাসনৌঘো নিরাধিনা ॥৩১॥
দ্বিবিধশ্চিত্তনাশোঽস্তি সরূপারূপ এব চ।
জীবন্মুক্তঃ সরূপঃ স্যাদরূপো দেহমুক্তিগঃ ॥ ৩২ ॥
অস্য নাশমিদানীং ত্বং পাবনে। শৃণু সাদরম্।
চিত্তনাশাভিধানং হি যদা তে বিদ্যতে পুনঃ।
মৈত্র্যাদিভিগুর্ণৈর্যুক্তং শান্তিমেতি ন সংশয়ঃ ॥ ৩৩ ॥

পদ জানিতে পারিবে না। সুতরাং সেই পর্য্যন্ত গুরু ও শাস্ত্রবাক্য-প্রমাণ দ্বারা নির্ণীত পথের অনুসরণ কর ॥ ৩০ ॥ অনন্তর জ্ঞানের পরিপাক হইলে প্রকৃত বস্তু জানিতে পারিবে, তখন তোমার মানসিক পীড়া অপগত হইবে, সেই কালে তুমি শুভ বাসনা-রাশিকেও পরিত্যাগ করিতে সমর্থ হইবে ॥ ৩১ ॥

হে হনূমন্! চিত্তনাশ দুই প্রকার,—স্বরূপ ও অরূপ। তন্মধ্যে জীবন্মুক্তিকে সরূপ ও বিদেহমুক্তিকে অরূপ বলে ॥ ৩২ ॥ হে পবনতনয়! এইক্ষণ আদরপূর্ব্বক চিত্তনাশের বিবরণ শ্রবণ কর। যখন তোমার চিত্ত হইতে বাসনা নিবৃত্ত হইবে, তখন চিত্ত মৈত্রী, করুণা, মুদিতা এবং উপেক্ষা (ক) গুণযুক্ত হইয়া অতিশয় শান্তি লাভ করিবে, ইহাতে সংশয় নাই ॥ ৩৩ ॥

(ক) সুখসম্ভোগাপন্ন ব্যক্তির সহিত মিত্রতার নাম মৈত্রী। দুঃখিত ব্যক্তির প্রতি দয়া করার নাম করুণা। পুণ্যশালী ব্যক্তির প্রতি হৃষ্ট থাকার নাম মুদিতা এবং অপুণ্যশীল ব্যক্তির প্রতি মধ্যস্থভাবে অবস্থানের নাম উপেক্ষা। (পাতঞ্জল দর্শন)।

ভূয়োজন্মবিনির্ম্মুক্তং জীবন্মুক্তস্য তন্মনঃ।
সরূপোঽসৌ মনো নাশো জীবন্মুক্তস্য বিদ্যতে।
অরূপস্তু মনোনাশো বৈদেহীমুক্তিগো ভবেৎ॥ ৩৪॥
সহস্রাঙ্কুরশাখাত্মকফলপল্লবশালিনঃ।
অস্য সংসারবৃক্ষস্য মনো মূলমিদং স্থিতম্॥ ৩৫॥
সঙ্কল্প এব তন্মন্যে সঙ্কল্পোপশমেন তৎ।
শোষয়াশু যথা শোষমেতি সংসারপাদপঃ॥ ৩৬॥
উপায় একএবাস্তি মনসঃ স্বস্য নিগ্রহে।
মনসোঽভ্যুদয়ো নাশো মনোনাশো মহোদয়ঃ॥৩৭॥
জ্ঞোমনোনাশমভ্যেতি মনোঽজ্ঞস্য হি শৃঙ্খলা।
তাবন্নিশীব বেতালা বলন্তি হৃদি বাসনাঃ॥ ৩৮॥

জীবন্মুক্ত ব্যক্তির মানস পুনর্জ্জন্মবিষয়িণী-বাসনাবিহীন হয়। এই প্রকার অবস্থাকেই সরূপমনোনাশ বলে। ইহা জীবন্মুক্ত অবস্থায় ঘটিয়া থাকে॥ ৩৪॥ সহস্র—অঙ্কুর, শাখা, ত্বক্, ফল এবং পল্লবশালী এই সংসারবৃক্ষের একমাত্র মনই মূল॥ ৩৫॥ এই মন সংকল্পাত্মক; অতএব সংকল্পের নিবৃত্তি করিয়া যে প্রকারে শীঘ্র এই সংসার-বৃক্ষ নষ্ট হয়, তদনুরূপ আচরণ কর॥ ৩৬॥

পবনতনয়! স্বীয় মনের নিগ্রহবিষয়ে একটীমাত্র উপায় আছে। মনোবৃত্তির অভ্যুদয়ই নাশের কারণ, আর মনের নাশই মহোদয়ের নিদান জানিবে॥ ৩৭॥ পণ্ডিত ব্যক্তি মনোনাশ করিতে সমর্থ হন, কিন্তু অজ্ঞ ব্যক্তির পক্ষে মন শৃঙ্খলাস্বরূপ। যেমন রাত্রিকালে বেতালগণ বলবান্ হইয়া উঠে, তেমন অজ্ঞ

একতত্ত্বদৃঢ়াভ্যাসাদ্যাবন্ন বিজিতং মনঃ।
প্রক্ষীণচিত্তদর্পস্য নিগৃহীতেন্দ্রিয়দ্বিষঃ।
পদ্মিন্য ইব হেমন্তে ক্ষীয়ন্তে ভোগবাসনাঃ॥ ৩৯॥
হস্তং হস্তেন সংপীড্য দন্তৈর্দন্তান্বিচূর্ণ্য চ।
অঙ্গান্যঙ্গৈঃ সমাক্রম্য জয়েদাদৌ স্বকং মনঃ॥ ৪০॥
উপবিশ্যোপবিশ্যৈকাগ্রচিত্তং কেন মুহুর্মুহুঃ।
ন শক্যতে মনো জেতুং বিনা যুক্তিমনিন্দিতাম্॥ ৪১॥
অঙ্কুশেন বিনা মত্তো যথা দুষ্টমতঙ্গজঃ।
অধ্যাত্মবিদ্যাধিগমঃ সাধুসঙ্গতিরেব চ॥ ৪২॥
বাসনাসংপরিত্যাগঃ প্রাণস্পন্দনিরোধনম্।
এতাস্তা যুক্তয়ঃ পুষ্টাঃ সন্তি চিত্তজয়ে কিল॥ ৪৩॥

ব্যক্তির হৃদয়ে বাসনা প্রবৃদ্ধ হইতে থাকে॥ ৩৮॥ যে পর্য্যন্ত মন বিজিত না হয়, সে পর্য্যন্ত একটী তত্ত্ববিষয়ের অভ্যাস দ্বারা চিত্ত ও অহঙ্কারকে প্রক্ষীণ করিয়া ইন্দ্রিয় শত্রুর নিগ্রহ করিবে, তাহা হইলেই হেমন্ত কালের পদ্মিনীর ন্যায় ভোগবাসনা ক্ষীণ হইয়া যাইবে॥ ৩৯॥ হস্ত দ্বারা হস্ত পীড়ন, দন্ত দ্বারা দন্ত চর্ব্বণ এবং অঙ্গ দ্বারা অঙ্গ মর্দ্দন করিয়া স্বীয় মনকে পরাজিত করিবে অর্থাৎ যে কোন প্রকারে প্রথমে মনোজয় করাই একান্ত কর্ত্তব্য। ৪০॥ পুনঃ পুনঃ একান্তে উপবেশন করিলেও সদ্যুক্তি ব্যতীত কেহই মনোজয় করিতে সমর্থ হয় না॥ ৪১॥ যেমন অঙ্কুশ ভিন্ন দুষ্ট মত্ত হস্তী বশীভূত হয় না, সেইরূপ অধ্যাত্ম বিদ্যাশিক্ষা, সাধুসঙ্গতি, বাসনা পরিত্যাগ এবং প্রাণচেষ্টার নিরোধ ব্যতীত চিত্তজয় হয়

সতীষু যুক্তিষ্বেতাসু হঠান্নিয়ময়ন্তি যে।
চেতসো দীপমুৎসৃজ্য বিচিন্বন্তি তমোঞ্জনৈঃ ॥ ৪৪ ॥
বিমূঢ়াঃ কর্ত্তুমুদ্যুক্তা যে হঠাচ্চেতসো জয়ম্।
তে নিবধ্নন্তি নাগেন্দ্রমুন্মত্তং বিসতন্তুভিঃ ॥ ৪৫ ॥
দ্বে বীজে চিত্তবৃক্ষস্য নিবৃত্তিব্রতধারিণঃ।
একং প্রাণপরিস্পন্দো দ্বিতীয়ং দৃঢ়ভাবনা।
সা হি সর্ব্বগতা সম্বিৎ প্রাণস্পন্দেন চাল্যতে ॥ ৪৬॥
চিত্তৈকাগ্র্যাদ্যতোজ্ঞানং মুক্তিঃ সমুপজায়তে।
তৎসাধনমথো ধ্যানং যথাবদুপদিশ্যতে ॥ ৪৭ ॥

না, এই সমস্তই চিত্তজয়ের প্রধান উপায় ॥ ৪২—৪৩ ॥ এই সমস্ত সদ্যুক্তি বিদ্যমান থাকিতে যাহারা হঠাৎ চিত্ত নিগ্রহ করিতে ইচ্ছা করে, তাহারা চিত্তের উজ্জ্বলতা পরিত্যাগ করিয়া অন্ধকারে প্রবেশ করে ॥ ৪৪ ॥ যে মূঢ় ব্যক্তিগণ হঠাৎ চিত্ত জয় করিতে উদ্যুক্ত হয়, তাহাদের প্রযত্ন মদমত্ত হস্তীন্দ্রকে মৃণালসূত্রে বন্ধনের চেষ্টার ন্যায় বিফল হইয়া থাকে ॥ ৪৫ ॥ নিবৃত্তিশীল চিত্তবৃক্ষের দুইটী বীজ, এক প্রাণ বায়ুর সঞ্চলন, দ্বিতীয় দৃঢ় ভাবনা। এই সর্ব্বগত দৃঢ় ভাবনা প্রাণস্পন্দ দ্বারা পরিচালিত হইয়া থাকে ॥ ৪৬ ॥

অনন্তর চিত্তের একাগ্রতা হইলে তত্ত্বজ্ঞান জন্মে এবং তত্ত্বজ্ঞান হইতে মুক্তি হয়। কেমন করিয়া চিত্তের একাগ্রতালাভ হয়, তাহার উপায় যথাবিধি গুরুর নিকট গ্রহণ করিবে ॥ ৪৭ ॥

বিনাপ্যবিকৃতিং কৃৎস্নাং সম্ভবব্যত্যয়ক্রমাৎ।
যশোঽরিষ্টঞ্চ চিন্মাত্রং চিদানন্দং বিচিন্তয় ॥ ৪৮॥
অপানেঽস্তং গতে প্রাণো যাবন্নাভ্যুদিতো হৃদি।
তাবৎ সা কুম্ভকাবস্থা যোগিভির্যাঽনুভূয়তে ॥ ৪৯॥
বহিরস্তং গতে প্রাণে যাবন্নাপান উদ্গতঃ।
তাবৎ পূর্ণং সমাবস্থাৎ বহিষ্ঠং কুম্ভকং বিদুঃ ॥ ৫০ ॥
ব্রহ্মাকারমনোবৃত্তিপ্রবাহোঽহংকৃতিং বিনা।
সম্প্রজ্ঞাতসমাধিঃ স্যাদ্ধ্যানাভ্যাসপ্রকর্ষতঃ ॥ ৫১ ॥
প্রশান্তবৃত্তিকং চিত্তং পরমানন্দদায়কম্।
অসম্প্রজ্ঞাতনামায়ং সমাধির্যোগিনাঃ প্রিয়ঃ ॥ ৫২ ॥

সমস্ত সংসারে বিরক্ত হইয়া পুনর্জ্জন্মবিষয়ে অনিচ্ছুক হইয়া যশোঽভিলাষ পরিত্যাগপূর্ব্বক চিদানন্দস্বরূপ বস্তুর চিন্তা কর ॥৪৮॥ অপান বায়ু অস্তমিত হইয়া যে পর্য্যন্ত প্রাণ বায়ুর ক্রিয়া আরব্ধ না হয়, সেই অবস্থাকে কুম্ভকাবস্থা বলে, এই অবস্থা যোগিগণ অনুভব করিয়া থাকেন ॥ ৪৯ ॥ প্রাণ বায়ু বহির্দ্দেশে অস্তমিত হইলে অর্থাৎ শ্বাস প্রশ্বাসের ক্রিয়া নিরুদ্ধ হইলে যে পর্য্যন্ত অপান বায়ু উদ্গত না হয়, সেই অবস্থাকে বহিষ্ঠ কুম্ভকাবস্থা বলে ॥ ৫০ ॥ যখন অহঙ্কার বৃত্তি নিরুদ্ধ হইয়া কেবলমাত্র ব্রহ্মাকারে চিত্তের বৃত্তি হইতে থাকে, তাহাকে সম্প্রজ্ঞাত সমাধি বলে, ইহা ধ্যানাভ্যাসের উৎকর্ষতাবশতঃ সম্পন্ন হয় ॥ ৫১ ॥ যখন চিত্তের সকল প্রকার বৃত্তি প্রশান্ত হইয়া যাইবে, সেই অবস্থার নাম অসম্প্রজ্ঞাত সমাধি। ইহা পরমানন্দদায়ক এবং

প্রভাশূন্যং মনঃশূন্যং বুদ্ধিশূন্যং চিদাত্মকম্।
অতদ্ব্যাবৃত্তিরূপোঽসৌ সমাধির্মুনিভাবিতঃ ॥ ৫৩ ॥
ঊর্দ্ধং পূর্ণমধঃপূর্ণং মধ্যপূর্ণং শিবাত্মকম্।
সাক্ষাদ্বিধিমুখো হ্যেষ সমাধিঃ পারমার্থিকঃ ॥ ৫৪ ॥
দৃঢ়ভাবনয়া ত্যক্তপূর্ব্বাপরবিচারণম্।
যদাদানং পদার্থস্য বাসনা সা প্রকীর্ত্তিতা ॥ ৫৫ ॥
ভাবিতং তীব্রসংবেগাদাত্মনা যত্তদেব সঃ।
ভবত্যাশু কপিশ্রেষ্ঠ! বিগতেতরবাসনঃ ॥ ৫৬ ॥
তাদৃগ্রূপো হি পুরুষো বাসনাবিষয়ীকৃতঃ।
সংপশ্যতি যদৈবৈতৎ সদ্বস্ত্বিতি বিমুহ্যতি ॥ ৫৭ ॥
বাসনাবেগবৈচিত্র্যাৎ স্বরূপং ন জহাতি তৎ।
ভ্রান্তং পশ্যতি দুর্দ্দৃষ্টিঃ সর্ব্বং মদবশাদিব ॥ ৫৮ ॥

যোগিগণের প্রিয় বস্তু ॥ ৫২ ॥ যখন মন ও বুদ্ধির ক্রিয়া বিলুপ্ত হইয়া কেবলমাত্র চিদাত্মার জ্ঞান হইতে থাকে, তাদৃশ সমাধি অবস্থা মুনিগণের অভিলষিত ॥ ৫৩ ॥ এই সমাধিকালে ঊর্দ্ধ, অধঃ এবং মধ্য সমস্ত স্থানই ব্রহ্মপরিপূর্ণ বলিয়া অনুভূত হয়। এই সমাধিই প্রকৃত সমাধি বলিয়া পরিগণিত ॥ ৫৪ ॥ বিষয়ের দৃঢ় ভাবনা দ্বারা যখন পূর্ব্বাপর বিচার তিরোহিত হয় এবং কেবল বিষয়-গ্রহণের নিমিত্তই ইচ্ছা হইতে থাকে, সেই ইচ্ছাবিশেষের নাম বাসনা ॥ ৫৫ ॥ হে কপিশ্রেষ্ঠ! মনের তীব্র সংবেগ সহকারে যখন বিষয়ের চিন্তা করা হয়, তখন শীঘ্রই অন্যবিষয়ক বাসনা পরিত্যক্ত হইয়া এক বিষয়েরই বাসনা হইতে থাকে ॥ ৫৬ ॥ বাস-নার মাহাত্ম্য অতি বিচিত্র। বাসনা স্বীয় স্বভাব কখনই পরিত্যাগ

বাসনা দ্বিবিধা প্রোক্তা শুদ্ধা চ মলিনা তথা।
মলিনা জন্মহেতুঃ স্যাচ্ছুদ্ধা জন্মবিনাশিনী ॥ ৫৯॥
অজ্ঞানসুঘনাকারা ঘনাহঙ্কারশালিনী।
পুনর্জ্জন্মকরী প্রোক্তা মলিনা বাসনা বুধৈঃ ॥ ৬০ ॥
পুনর্জ্জন্মাঙ্কুরং ত্যক্ত্বা স্থিতিঃ সংভৃষ্টবীজবৎ।
বহুশাস্ত্রকথাকন্থারোমন্থেন বৃথৈব কিম্ ॥ ৬১ ॥
অন্বেষ্টব্যং প্রযত্নেন মারুতে! জ্যোতিরান্তরম্।
দর্শনাদর্শনে হিত্বা স্বয়ং কেবলরূপতঃ ॥ ৬২ ॥

করে না। যে পুরুষ বাসনা দ্বারা বশীকৃত হইয়া সদ্বস্তুর উপলব্ধি করিয়াও বিমুগ্ধ হয়, সে ব্যক্তি, মত্ততাবশতঃ দুর্দৃষ্টিসম্পন্ন পুরুষ যেমন সকলকেই ভ্রান্ত বলিয়া মনে করে, সেই প্রকার ব্যবহার করিয়া থাকে ॥ ৫৭—৫৮ ॥

বাসনা দুই প্রকার—শুদ্ধা এবং মলিনা, তন্মধ্যে মলিনা বাসনা জন্মের কারণ, আর শুদ্ধা বাসনা জন্মনাশিনী ॥ ৫৯ ॥ যে বাসনা অজ্ঞানের কারণ, অহঙ্কারের মূলস্বরূপ এবং জন্মের নিদান, পণ্ডিতগণ সেই বাসনাকে মলিনা বাসনা বলেন ॥ ৬০ ॥ যেমন ভ্রষ্ট বীজে অঙ্কুরোৎপত্তি হয় না, সেইরূপ মলিনবাসনা দ্বারাও পারমার্থিক সুখ সম্ভাবনা হয় না; অতএব পুনর্জন্মের কারণ মলিনা বাসনা পরিত্যাগ করিয়া কেবল তত্ত্ববিষয়ের অনু-শীলনে যত্নপর হইবে, কেবল বহু শাস্ত্রকথার চর্ব্বিত চর্ব্বণ করিয়া কোনই ফল নাই ॥ ৬১ ॥ হে মারুতে! অতি যত্নপূর্ব্বক কেবল অন্তর্ব্বর্ত্তী জ্যোতির্ম্ময় পদার্থের অন্বেষণ করিবে। দর্শনাদি শাস্ত্রের আলোচনা ত্যাগ করিয়া কেবল আত্মরূপের ধ্যান করাই

য আস্তে কপিশার্দ্দূল। ব্রহ্মা ন ব্রহ্মবিৎ স্বয়ম্।
অধীত্য চতুরো বেদান্ সর্ব্বশাস্ত্রাণ্যনেকশঃ।
ব্রহ্মতত্ত্বং ন জানাতি দর্ব্বী পাকরসং যথা॥ ৬৩॥
স্বদেহাশুচিগন্ধেন ন বিরজ্যেত যঃ পুমান্।
বিরাগকারণস্তস্য কিমন্যদুপদিশ্যতে॥ ৬৪॥
অত্যন্তমলিনো দেহো দেহী চাত্যন্তনির্ম্মলঃ।
উভয়োরন্তরং জ্ঞাত্বা কস্য শৌচং বিধীয়তে॥ ৬৫॥
বন্ধো হি বাসনাবন্ধো মোক্ষঃ স্যাদ্বাসনাক্ষয়ঃ।
বাসনাং সংপরিত্যজ্য মোক্ষার্থিত্বমপি ত্যজ॥ ৬৬॥

কর্ত্তব্য॥ ৬২॥ হে কপিশ্রেষ্ঠ! যে ব্যক্তি কেবল ব্রহ্মবিচারতৎপর, কিন্তু নিজে ব্রহ্মস্বরূপের উপলব্ধি করিতে অক্ষম এবং যিনি চারি বেদ ও বহু শাস্ত্র অধ্যয়ন করিয়াও ব্রহ্মতত্ত্বাভিজ্ঞ নহেন, সে ব্যক্তির পরিশ্রম দর্ব্বীর পাকপরিশ্রমের ন্যায় বৃথা জানিবে। দর্ব্বী যেমন বহু অন্ন ব্যঞ্জনাদি প্রস্তুত করে, অথচ তাহার রস জানে না,সেইরূপ বহু শাস্ত্র অধ্যয়ন করিয়াও যে ব্যক্তি ব্রহ্মতত্ত্ব বুঝিতে পারে নাই, তাহার পরিশ্রম নিষ্ফল॥ ৬৩॥ যে পুরুষ নিজ দেহের অশুচি গন্ধে বিরক্ত না হয়, তাহার সংসারবিরক্তের কারণ অন্য আর কি উপদেশ করিব?॥ ৬৪॥ এই দেহ অত্যন্ত মলিন এবং দেহী (আত্মা) অত্যন্ত নির্ম্মল বস্তু, অতএব দেহ ও আত্মার পার্থক্য অনুভব করিয়া কাহার শৌচবিষয়ে প্রবৃত্তি হইবে? আত্মা ও দেহের পৃথক্ ভাব উপলব্ধি হইলে আর শৌচক্রিয়ানুষ্ঠান থাকিতে পারে না। যে ব্যক্তি বাসনা দ্বারা সম্বদ্ধ, তাহাকেই

মানসীর্ব্বাসনাঃ পূর্ব্বং ত্যক্ত্বা বিষয়বাসনাঃ।
মৈত্র্যাদিবাসনানাম্নীর্গৃহাণামলবাসনাঃ ॥ ৬৭ ॥
তা অপ্যতঃ পরিত্যজ্য তাভির্ব্ব্যবহরন্নপি।
অন্তঃশান্তঃ সমস্নেহো ভব চিন্মাত্রবাসনঃ ॥ ৬৮ ।
তামপ্যথ পরিত্যজ্য মনোবুদ্ধিসমন্বিতম্।
শেষস্থিরসমাধানো ময়ি ত্বং ভব মারুতে! ॥ ৬৯ ॥
অশব্দমস্পর্শমরূপমব্যয়ং তথাঽরসং নিত্যমগন্ধবচ্চ যৎ।
অনামগোত্রং মম রূপমীদৃশং ভজস্ব নিত্যং পবনাত্মজা-
র্ত্তিহম্ ॥ ৭০ ॥

প্রকৃত বন্ধ বলা যায়, আর বাসনার ক্ষয়ের নামই মুক্তি; অতএব বাসনা পরিত্যাগপূর্ব্বক মোক্ষাভিলাষও পরিত্যাগ কর। প্রথমতঃ বিষয়ের প্রতি মানসিক বাসনা পরিত্যাগ কর, তৎপর মৈত্রাদি বাসনানাম্নী নির্ম্মলবাসনা গ্রহণ কর ॥ ৬৫—৬৭ ॥ তৎপর সেই বাসনারাশিকেও পরিত্যাগ কর। যদিও সেই বাসনা মধ্যে ব্যবহার করিতে হয়, তথাপি অন্তঃকরণে শান্তিভাব ধারণ কর এবং কেবল চিন্মাত্র বস্তুতে বাসনা সম্বদ্ধ করিয়া সর্ব্বত্র সমস্নেহপর হও ॥ ৬৮ ॥ হে মারুতে! অনন্তর মন ও বুদ্ধির সহিত সেই চিদ্বাসনাকেও পরিত্যাগ করিয়া স্থিরভাবে সমাধিতৎপর হইয়া আমাতে অনুরক্ত হও ॥ ৬৯ ॥

হে পবনতনয়! আমার সচ্চিদানন্দরূপ শব্দবাচ্য নহে, ত্বগিন্দ্রিয়গ্রাহ্য নহে, ইহা রূপশূন্য, অবিনাশী, স্বাদরহিত, নিত্য, গন্ধবিহীন, ইহার নাম গোত্র নাই, ইহা সর্ব্বার্ত্তিহর। তুমি নিত্য এই রূপের ভজনা কর ॥ ৭০ ॥ আমার এই রূপ সর্ব্বদ্রষ্টৃস্বরূপ,

দৃশিস্বরূপং গগনোপমং পরং সকৃদ্বিভাতং
ত্বজমেকমক্ষরম্।
অলেপকং সর্ব্বগতং যদদ্বয়ং তদেব চাহং সকলং
বিমুক্তম্॥ ৭১॥

দৃশিস্তু শুদ্ধোহমবিক্রিয়াত্মকোনমেঽস্তি কশ্চিদ্বিষয়ঃ স্বভাবতঃ। পুরস্তিরশ্চোর্দ্ধমধশ্চ সর্ব্বতঃ সুপূর্ণভূমাহমিতীহ ভাবয়॥ ৭২॥ অজোঽমরশ্চৈব তথাজরোঽমৃতঃ স্বয়ংপ্রভঃ সর্ব্বগতোঽহমব্যয়ঃ। ন কারণং কার্য্যমতীত্য নির্ম্মলঃ সদৈব তৃপ্তোঽহমিতীব ভাবয়॥ ৭৩॥

জীবন্মুক্তপদং ত্যক্ত্বা স্বদেহে কালসাৎকৃতে।
বিশত্যদেহমুক্তত্বং পবনঃ স্পন্দতামিব॥ ৭৪॥

আকাশের ন্যায় সর্ব্বগত, শ্রেষ্ঠ, সর্ব্বদাই প্রকাশমান, জন্ম ও মৃত্যুরহিত এবং অদ্বিতীয়। এই সচ্চিৎস্বরূপ-আমি নির্লিপ্ত,সর্ব্বব্যাপী, অদ্বয়, সর্ব্বস্বরূপ এবং সর্ব্বদা বিমুক্তস্বভাব॥ ৭১॥ আমি দৃশিস্বরূপ, শুদ্ধ বিকাররহিত, আমার স্বাভাবিক কোনই বিষয় নাই। আমি অগ্র, পশ্চাৎ, ঊর্দ্ধ ও অধঃ সর্ব্বত্রই পরিপূর্ণ। আমি পরিব্যাপক বস্তু, এই প্রকারে আমাকে ভাবনা কর॥ ৭২॥ আমি জন্ম, মৃত্যু ও জরারহিত, অমৃতস্বরূপ, আমি স্বয়ং জ্যোতিঃ, সর্ব্বগত, অব্যয়স্বরূপ, আমার কারণও নাই, কার্য্যও নাই, আমি অতি নির্ম্মলস্বভাব, আমি সর্ব্বদাই পরিতৃপ্ত, আমাকে এই প্রকারে ভাবনা কর॥ ৭৩॥ অনন্তর স্বীয় দেহ বিনষ্ট হইলে জীবন্মুক্ত পদ পরিত্যাগ করিয়া বিদেহমুক্তি ভাগী হইবে॥ ৭৪॥

তদেতৎ তদৃচাভ্যুক্তং তদ্বিষ্ণোঃ পরমং পদম্।
সদা পশ্যন্তি সূরয়ঃ দিবীব চক্ষুরাততম্॥ ৭৫॥

তদ্বিপ্রাসঃ তদ্বিপ্রাসো বিপন্যবোজাগৃবাংসঃ সমিন্ধতে।
বিষ্ণোর্যৎ পরমং পদমোং সত্যমিত্যুপনিষৎ
সত্যমিত্যুপনিষৎ॥ ৭৬॥

॥ ওঁ॥ পূর্ণমদ ইতি শান্তিঃ॥ ওঁ তৎসৎ॥
ইতি শুক্লযজুর্ব্বেদগতা মুক্তিকোপনিষৎ সমাপ্তা।

বেদে কথিত হইয়াছে যে, এই পূর্ব্বোক্ত বিষ্ণুর পরম পদ পণ্ডিতগণ আকাশে বিস্তৃত সূর্য্যের ন্যায় সর্ব্বদা অবলোকন করেন॥ ৭৫॥ সর্ব্বদা জাগরণশীল ক্রোধাদি দোষ পরিশূন্য পণ্ডিতগণ বিষ্ণুর সেই পরম পদ অন্বেষণ করিয়া থাকেন॥ ৭৬॥

ইতি শুক্ল যজুর্ব্বেদীয় মুক্তিকোপনিষদ্ সমাপ্তা।

গর্ভোপনিষৎ।

॥ ওঁ ॥ পরমাত্মনে নমঃ ॥ ওঁ ॥

ওঁ ॥ পঞ্চাত্মকং পঞ্চসু বর্ত্তমানং ষড়াশ্রয়ং ষড়্-গুণযোগযুক্তম্। তং সপ্তধাতুং ত্রিমলং দ্বিযোনিং চতুর্ব্বিধাহারময়ং শরীরম্ ॥ ১ ॥

কৃষ্ণ-যজুর্ব্বেদীয়-গর্ভোপনিষদোদীপিকা।

ওঁ গর্ভসংখ্যা নিরূপ্যাত্র গর্ভোপনিষদিত্যপি।
পঞ্চখণ্ডাষ্টমান্যুগ্ৎ পৈপ্পলাদভিধা তথা ॥

গর্ভবাসান্মুচ্যেত ইত্যুক্তম্, তত্র কো গর্ভঃ কথঞ্চ তদ্বাস ইত্যপেক্ষায়াং সংসারবৈরাগ্যার্থঞ্চ জন্মমরণাদিদুঃখং নিরূপণীয়মিতি গর্ভোপনিষদারভ্যতে। তত্র গর্ভস্থ মাতাপিতৃ-শরীরাপেক্ষত্বাৎ প্রথমং শরীরস্বরূপমাহ—পঞ্চাত্মকমিতি। পঞ্চাত্মকং পঞ্চভূতাত্মকং, পঞ্চসু ধারণাদিষু আনন্দাদিষু চ বর্ত্তমানং প্রবর্ত্তমানম্। পঞ্চস্বিত্যত্র বীপ্সা দ্রষ্টব্যা প্রশ্নোত্তরে পঞ্চকানাং ত্রিত্বাৎ। ষড়াশ্রয়ং

মানবের শরীর পঞ্চভূতময়, ইহা পঞ্চ ধারণা ও আনন্দাদির নিমিত্ত প্রবৃত্ত হইয়াছে। ইহা মধুরাদি ষড়্ রসের আশ্রয়, গানাদি কলানিপুণ। এই দেহে রস, রক্ত, মাংস, মেদ, অস্থি, মজ্জা ও শুক্র এই সপ্তধাতু এবং নখ, রোম ও কেশ এই তিনপ্রকার

পঞ্চাত্মকমিতি কস্মাৎ, পৃথিব্যাপস্তেজো বায়ু-রাকাশমিত্যস্মিন্ পঞ্চাত্মকে শরীরে কা পৃথিবী কা আপঃ কিং তেজঃ কো বায়ুঃ কিমাকাশম্। তত্র

ষণ্ণাং মধুরাদিরসানাম্ আশ্রয়ং ভোগায়তনমিত্যর্থঃ। ষড়্গুণ-যোগযুক্তং গানাদিকলাকুশলত্বাৎ। সপ্ত ধাতবঃ রসাদয়ো যস্মিন্ তৎ সপ্তধাতু, কত্বাভাবো বহুব্রীহৌ, অগ্রে তু কপি সপ্তধাতুকমিতি নির্দ্দেশঃ শেষাদ্বিভাষেতি। ত্রিমলং ত্রয়ো মলা নখলোমকেশা যত্র তৎ, মূত্রাদীনান্তু অশিতপীতমলত্বাৎ ন দেহমলত্বম্। অথবা কফাদীনাং শ্লেষ্মাদিরূপাণাং মলত্বম্। দ্বিযোনিং দ্বয়োঃ মাতাপিত্রোঃ যোনিঃ উৎপত্তির্যস্য। চতুর্ব্বিধাহারময়ং লেহ্য-পেয়চর্ব্ব্যচোষ্য চতুর্ব্বিধাহারবিকারং ইত্যর্থঃ॥ ১॥

গুরুণা প্রতিজ্ঞাতে শিষ্যো বিশেষজ্ঞানায় পৃচ্ছতি পঞ্চাত্মকং কস্মাদিতি। অত্র পঞ্চসু বর্ত্তমানং কথম্ ইতি প্রশ্নো দ্রষ্টব্য উত্ত-রানুবোধাৎ। ইতি শব্দান্তমুত্তরে। পৃথিবীপ্রভৃতীনাং কিং লিঙ্গম্ ইতি পৃচ্ছতি কা পৃথিবীতি। কাঠিন্যাদিষু পৃথিব্যাদি-

---

মল বিদ্যমান আছে। ইহা মাতা ও পিতার যোনি হইতে উৎপন্ন এবং চর্ব্ব্য, চোষ্য, লেহ্য ও পেয় এই চতুর্ব্বিধ আহার্য্য বস্তুর বিকৃতিবিশেষ॥ ১॥

গুরু শরীরকে পঞ্চভূতাত্মক বলিলেন। শিষ্য বিশেষ জ্ঞানের নিমিত্ত জিজ্ঞাসা করিলেন, পঞ্চভূত কি? গুরু উত্তরে বলিলেন, পৃথিবী, জল, তেজ, বায়ু ও আকাশ। পুনর্ব্বার শিষ্য জিজ্ঞাসা করিলেন, এই পঞ্চাত্মক দেহে কোন্ অংশ পৃথিবী, কোন্

পঞ্চাত্মকে শরীরে যৎ কঠিনং সা পৃথিবী, যদ্দ্রবং তা আপঃ, যদুষ্ণং তত্তেজঃ, যৎ সঞ্চরতি স বায়ুঃ, যচ্ছুষিরং তদাকাশম্। তত্র পৃথিবী ধারণে আপঃ পিণ্ডীকরণে তেজঃ প্রকাশনে বায়ুর্ব্যূহনে আকাশ-

---

লিঙ্গমিত্যুত্তরয়তি তত্র যদিতি। শরীরে তেষামুপযোগং দর্শয়ন্ পঞ্চসু কথং বর্ত্তমানমিত্যস্যোত্তরমাহ—তত্রেতি। ব্যূহনং মেলনম্। নতু মা ভূদবকাশপ্রদানম্ ইত্যত আহ—পৃথ্বিতি। পৃথু এতৎ শরীরং যদর্থঃ। অবকাশং বিনা পার্থিবং ন স্যাদিতি ভাবঃ। দ্বিতীয়পঞ্চকমাহ—শ্রোত্রে ইতি। শ্রোত্রে দ্বে শব্দোপলব্ধৌ বর্ত্তেতে। তৃতীয়পঞ্চকমাহ—উপস্থ ইতি। যড়াশ্রয়ং কস্মাদিত্যত্র যড়্গুণযোগযুক্তঞ্চ কস্মাদিত্যপি দ্রষ্টব্যম্। আদ্যস্যোত্তরমাহ—মধুরেতি। বিন্দতি লভতে জানাতীত্যর্থঃ। দ্বিতীয়স্যোত্তরং ষড়্জেতি। এতে গায়নেষু প্রসিদ্ধাঃ। এতৎ সপ্তস্বরগ্রহণং ষড়্রাগোপলক্ষণার্থং ষড়্গুণেত্যুক্তত্বাৎ। তে চ—"শ্রীরাগোঽথ বসন্তশ্চ পঞ্চমো ভৈরবস্তথা। মেঘনাদশ্চ বিজ্ঞেয়ঃ, ষষ্ঠো নদনরায়ণঃ" ইতি। তেষাং প্রত্যেকং সপ্ত স্বরা ভবন্তি,

---

অংশ জল, কোন অংশ তেজ, আর বায়ু ও আকাশই বা কোন্ অংশ? গুরু বলিলেন, পঞ্চভূতময় শরীরে কঠিন অংশ পৃথিবী, দ্রব অংশ জল, উষ্ণ ভাগ তেজ, যাহা বিচরণশীল, তাহা বায়ু, আর ইহার রন্ধ্রভাগ আকাশ। এই পঞ্চভূতের মধ্যে পৃথিবী দ্বারা দেহধারণ, জল দ্বারা দৈহিক পদার্থসমষ্টির সম্পীণ্ডন, তেজ দ্বারা প্রকাশন, বায়ু দ্বারা দৈহিক পদার্থরাশির মিলন এবং

মবকাশপ্রদানে পৃথ্বর্থং। শ্রোত্রে শব্দোপলব্ধৌ ত্বক্ স্পর্শে চক্ষুষী রূপে জিহ্বা রসনে নাসিকা ঘ্রাণে উপস্থ আনন্দনে অপানমুৎসর্গে বুদ্ধ্যা বুধ্যতি মনসা

ষট্ চ ষট্ চ রাগিণ্যো দেশ্যঃ স্ত্রিয়ো ভবন্তীতি ষট্‌ত্রিংশৎ জ্ঞেয়াঃ। তা যথা—গৌড়ী কোলাহলী ধালী দ্রবিড়ী মালবকৌশিকা। ষষ্ঠী স্যাদেব গান্ধারী শ্রীরাগাচ্চ বিনির্গতা। আন্দোলী কৌশিকী চৈব রামগরী পুটমঞ্জরী। গুঙ্গরী চৈব দেশাখ্যা বসন্তস্য প্রিয়াস্ত্বিমাঃ॥ ভৈরবী গুর্জ্জরী চৈব ভাষা বেলীবতী তথা। কর্ণাটী রক্তসিংহা চ পঞ্চমাত্তা বিনির্গতাঃ॥ ত্রিগুণা স্তম্ভতীর্থা চ আভীরী ককুভা তথা। বিরাড়ী চৈব সাকেরী ভৈরবাচ্চ বিনির্গতা॥ বঙ্গালা মধুরা চৈব কামদা চোকমাদিকা। কাম্বুগ্রীবা চ দেবালা মেঘরাগাদ্বিনির্গতা। নাটিকাচাথ ভূপালী রামকেলী গড়া তথা। কামদা চাপি কল্যাণী জাতা নদনরায়ণাৎ। ইতি তেষাং মিথুনানাং যোগোঽস্মিন্ শরীরে ভবতীতি ষড়্‌গুণযোগযুক্তমিত্যর্থঃ। ইতিশব্দ এতদর্থবিবক্ষার্থঃ। ননু পৃথিব্যাদীনাং বৃত্তয়ো ধারণাদয়-

---

আকাশ দ্বারা দেহের অবকাশ হইয়া থাকে। দেহের অভ্যন্তরে আকাশ থাকাতে দেহটী এত বিস্তৃত হইয়াছে। (এখন ইন্দ্রিয়ের কার্য্য বলিতেছেন) কর্ণদ্বয় শব্দের উপলব্ধি করে, ত্বক্ স্পর্শ করে, চক্ষুর্দ্বয় রূপ গ্রহণ, জিহ্বা রসাস্বাদ, নাসিকা গন্ধগ্রহণ, উপস্থ আনন্দন, অপান বায়ু মলমূত্রাদি পরিত্যাগ, বুদ্ধি বিষয়ের অববোধ, মন বিষয়ের সংকল্প এবং বাগিন্দ্রিয় বাক্যস্ফূর্ত্তি করে। দেহ ষড়াশ্রয় কেমন করিয়া হইল, তাহা বলিতেছেন। দেহ মধুর, অম্ল, লবণ, তিক্ত, কটু ও কষায় এই ষড়্‌রসের অনুভব করে।

সঙ্কল্পয়তি বাচা বদতি। ষড়াশ্রয়মিতি কস্মাৎ মধুরাম্ল-লবণ-তিক্ত-কটু-কষায়-রসান্ বিন্দতীতি ষড়্‌জ-ঋষভ গান্ধার-মধ্যম-পঞ্চম-ধৈবত-নিষাদাশ্চেত্যেতীষ্টানিষ্ট-শব্দসংজ্ঞাঃ প্রণিধানাদ্দশবিধা ভবন্তি ॥২॥

ত্রয়ঃ পঞ্চকা উক্তাঃ, তে কিং সর্ব্বে পুরুষপ্রবৃত্তিনিবৃত্ত্যোরুপযুজ্যন্তে, আহোস্বিৎ কতিপয়ে ইতি সংশয়ে নির্ণয়মাহ—ইষ্টানিষ্টানীতি। ধারণাদিষু ইষ্টানিষ্টানি প্রবৃত্তিহেতুভূতানি দশবিধা দশ বিধানি ভবন্তি। ভূতবৃত্তানাং ধারণাদীনাং পঞ্চানাং ইষ্টানিষ্টত্বাভাবেন প্রবৃত্তিনিবৃত্ত্যজনকত্বাৎ শব্দাদীন্যেব দশ ইষ্টানিষ্টানি ভবন্তীতি ভাবঃ। ইষ্টানিষ্টত্বে দ্বারমুক্তম্। শব্দেতি শব্দপ্রণিধানং শব্দপ্রয়োগজনকত্বং সংজ্ঞাপ্রণিধানং প্রত্যয়জনকত্বং, ব্যবহ্রিয়মাণাঃ প্রতীয়মানাস্ত দশৈব শব্দাদয় ইষ্টানিষ্টত্বেন প্রবৃত্তিনিবৃত্তিজনকা ইত্যর্থঃ। উভয়ত্র প্রশ্নস্যাপ্যুপলক্ষণম্। সমাধানন্তু তত্র ভবিষ্যতি ॥ ২ ॥

এই হেতু দেহ ষড়াশ্রয় এবং ষড়্‌জ, ঋষভ, গান্ধার, মধ্যম, পঞ্চম, ধৈবত ও নিষাদ এই সপ্তস্বরযুক্ত বলিয়াই দেহ ষড়্‌গুণযুক্ত। পূর্ব্বে পৃথিব্যাদি পঞ্চ ভূতের ধারণাদি পঞ্চ বৃত্তি বলা হইয়াছে, ইহারা সকলেই কি পুরুষের প্রবৃত্তি ও নিবৃত্তির কারণ, অথবা এক একটী বৃত্তিই কারণ, এই আপত্তি মনে করিয়া বলিতেছেন, পঞ্চভূতের ধারণাদি বৃত্তির মধ্যে ইষ্টানিষ্ট দশবিধ বৃত্তি আছে। যদি ধারণাদি পঞ্চভূত-বৃত্তির ইষ্টানিষ্টত্ব ভাব না থাকিত, তবে ঐ বৃত্তিগুলি প্রবৃত্তি ও নিবৃত্তির জনক হইতে পারিত না, সুতরাং ঐ বৃত্তিসমূহই ইষ্ট ও অনিষ্ট ভেদে দশবিধ ॥ ২ ॥

সপ্তধাতুকমিতি কস্মাৎ শুক্লো রক্তঃ কৃষ্ণো ধূম্রঃ পীতঃ কপিলঃ পাণ্ডুর ইতি। যথা দেবদত্তস্য দ্রব্যাদিবিষয়া জায়ন্তে। পরস্পরং সৌম্যগুণত্বাৎ ষড়্‌বিধো রসঃ রসাচ্ছোণিতং শোণিতান্মাংসং

